



লেকচার টপিক

লেকচার

১৫

- ▶ পদার্থের অবস্থা ও তাদের পরিবর্তন: পরমাণু ও পরমাণুর গঠন, এসিড, ক্ষার ও লবন, ধাতু ও অধাতু, জারণ-বিজারণ
- ▶ শব্দ ও তরঙ্গ ▶ চুম্বক ও চুম্বকত্ব
- ▶ শক্তি ও শক্তির উৎসসমূহ ▶ নবায়নযোগ্য শক্তির উৎস
- ▶ পারমাণবিক শক্তির উৎস
- ▶ শক্তির রূপান্তর ▶ আলোর প্রকৃতি
- ▶ বর্ণালি ▶ দর্পণ ▶ রশ্মি ▶ বায়ুমণ্ডল

পদার্থের অবস্থা ও তাদের পরিবর্তন

■ **পদার্থ:** যা স্থান দখল করে এবং যা তার স্থিতিশীল বা গতিশীল অবস্থার পরিবর্তনে বাধা দান করে তাই পদার্থ। যেমন: বায়ু, মাটি, পানি ইত্যাদি। বাতাস একটি পদার্থ। এর ভর আছে এবং স্থান দখল করে অর্থাৎ আয়তন আছে।

অবস্থার ভিত্তিতে পদার্থ তিন প্রকার। যথা: ১। কঠিন পদার্থ, ২। তরল পদার্থ ও ৩। বায়বীয় পদার্থ।

পদার্থের অবস্থা: কঠিন, তরল, বায়বীয়, প্লাজমা

পদার্থ তিন অবস্থায় থাকতে পারে- কঠিন, তরল ও বায়বীয়। প্রকৃতিতে পানি কঠিন, তরল ও বায়বীয় এ তিন অবস্থায় থাকতে পারে। একই পদার্থের তিন অবস্থায় রূপান্তরের কারণ তাপের প্রভাব। পানিকে ঠাণ্ডা করলে বরফে পরিণত হয়।

■ **কঠিন পদার্থ:** সাধারণত কঠিন পদার্থের জড়তা আছে। এদের নির্দিষ্ট আকার, আয়তন ও কম-বেশি দৃঢ়তা আছে। এদের অণুসমূহ পরস্পরের অতি সন্নিহিত থাকে। এ পদার্থের অণুগুলোর মধ্যে আন্তঃআণবিক শক্তি সবচেয়ে বেশি বলে প্রতিহত করার ক্ষমতাও বেশি। বিভিন্ন ধাতু, লবণ, পাথর কঠিন পদার্থের উদাহরণ।

■ **তরল পদার্থ:** এদের নির্দিষ্ট আয়তন আছে, কিন্তু নির্দিষ্ট আকার নেই। যখন যে পাত্রে রাখা হয় সে পাত্রের আকার ধারণ করে।

■ **বায়বীয় পদার্থ:** এদের নির্দিষ্ট আকার ও আয়তন নেই। কোন নির্দিষ্ট পরিমাণ গ্যাসীয় পদার্থ তা যত অল্প হোক না কেন, কোন বড় বা ছোট পাত্রে রাখা হলে, তারা সকল স্থান দখল করে এবং সেই পাত্রের আকার ধারণ করে। কিন্তু পাত্রের আকার বা আকৃতিভেদে ভরের কোন তারতম্য হয় না। গ্যাসীয় পদার্থের অণুসমূহের মধ্যে দূরত্ব অনেক বেশি। তাই আকর্ষণ শক্তি নাই বললেই চলে। ফলে অণুসমূহ প্রায় সম্পূর্ণ মুক্তভাবে চলাচল করে। উদাহরণ: নাইট্রোজেন, অক্সিজেন, মিথেন ইত্যাদি।

■ **প্লাজমা:** উচ্চ তাপমাত্রা এবং উচ্চ বিভবের প্রভাবে কিছু কিছু পদার্থ আয়নিত অবস্থায় থাকে। এই অবস্থাকে পদার্থের প্লাজমা অবস্থা বলে।

প্লাজমা পদার্থের তথাকথিত চতুর্থ অবস্থা (কঠিন, তরল ও বায়বীয় এরপর)। প্লাজমা হচ্ছে আয়নিত গ্যাস যেখানে মুক্ত ইলেকট্রন এবং ধনাত্মক আয়ন এর সংখ্যা প্রায় সমান।

■ **ইলেকট্রোপ্রেটিং:** তড়িৎ বিশ্লেষণ পদ্ধতির সাহায্যে একটি ধাতুর উপর অন্য একটি ধাতুর পাতলা আবরণ তৈরির প্রক্রিয়াকে ইলেকট্রোপ্রেটিং বলে।

পদার্থের পরিবর্তন

পদার্থের এক অবস্থা থেকে অন্য অবস্থায় রূপান্তরকে বলা হয় পদার্থের পরিবর্তন। পদার্থের পরিবর্তন দুই প্রকার। যথা- (১) ভৌত পরিবর্তন (২) রাসায়নিক পরিবর্তন।

১. **ভৌত পরিবর্তন:** যদি কোন পদার্থের অভ্যন্তরীণ রাসায়নিক গঠনের কোন পরিবর্তন না ঘটে শুধু বাহ্যিক অবস্থার পরিবর্তন ঘটে তাকে ভৌত পরিবর্তন বলে। অর্থাৎ, কোন বস্তুকে অন্য একটি বস্তুতে রূপান্তর করার পর যদি ঐ বস্তুটিকে পূর্বের বস্তুতে ফিরিয়ে নেয়া যায় তবে বস্তুটির এ পরিবর্তনকেই বলা হয় ভৌত পরিবর্তন। যেমন:

১. কঠিন মোমকে তাপে গলানো।
২. লোহাকে চৌম্বকে পরিণত করা।
৩. পানিকে ঠাণ্ডা করে বরফে পরিণত করা।
৪. বৈদ্যুতিক বাল্ব জ্বালানো।
৫. চিনিকে পানিতে দ্রবীভূত করা।
৬. পানিকে তাপ দিয়ে জলীয় বাষ্পে পরিণত করা।

২. **রাসায়নিক পরিবর্তন:** বস্তুর অণুর গঠনের পরিবর্তন হয়ে নতুন অণুর সৃষ্টি হলে এবং রাসায়নিক সংযুক্তির পরিবর্তন হলে তাকে রাসায়নিক পরিবর্তন বলে। অর্থাৎ, কোন বস্তুকে অন্য একটি বস্তুতে রূপান্তর করার পর যদি ঐ বস্তুটিকে পূর্বের বস্তুতে ফিরিয়ে নেয়া না যায় তবে বস্তুটির এ পরিবর্তনকেই বলা হয় রাসায়নিক পরিবর্তন। রাসায়নিক পরিবর্তন স্থায়ী। যেমন:

১. লোহায় মরিচা ধরা।
২. চাল সিদ্ধ করে ভাতে পরিণত করা।
৩. দুধকে ছানায় পরিণত করা।
৪. দিয়াশলাইয়ের কাঠি জ্বালানো।
৫. গাছের পাতায় খাদ্য তৈরির প্রক্রিয়া।

তাপ ও চাপে বস্তুর অবস্থার পরিবর্তন

গলন	তাপ প্রয়োগে কোন পদার্থের কঠিন অবস্থা থেকে তরলে রূপান্তরিত হওয়াকে গলন বলে।
গলনাঙ্ক	নির্দিষ্ট চাপে কোন কঠিন পদার্থ যে তাপমাত্রায় গলতে শুরু করে তাকে বলা হয় ঐ পদার্থের গলনাঙ্ক। যেমন: বরফের স্বাভাবিক গলনাঙ্ক হলো 273.15 K বা 0°C।
স্ফুটন	তাপ প্রয়োগে একটি নির্দিষ্ট তাপমাত্রায় তরল পদার্থের দ্রুত বাষ্পে পরিণত হওয়ার ঘটনাকে বলা হয় স্ফুটন।
স্ফুটনাংক	নির্দিষ্ট চাপে কোন তরল পদার্থ যে তাপমাত্রায় ফুটতে শুরু করে এবং বাষ্পীভূত হতে থাকে সে তাপমাত্রাকে বলা হয় স্ফুটনাংক। পানির স্ফুটনাংক হলো 100°C।
হিমাংক	নির্দিষ্ট চাপে কোন তরল পদার্থ যে তাপমাত্রায় জমতে শুরু করে সে তাপমাত্রাকে বলা হয় হিমাংক।
হিমায়ন বা কঠিনীভবন	তাপ বর্জনে কোন তরল পদার্থের কঠিন পদার্থে পরিবর্তন হওয়াকে বলা হয় হিমায়ন বা কঠিনীভবন।

এক কথায় প্রশ্নোত্তর

- পদার্থের কয়টি অবস্থা বিদ্যমান?
উত্তর: তিনটি (কঠিন, তরল ও বায়বীয়)।
- পদার্থের ঘনত্বের ক্রমটি হল-
উত্তর: কঠিন > তরল > বায়বীয়।
- এখন পর্যন্ত আবিষ্কৃত মৌলিক পদার্থের সংখ্যা কতটি?
উত্তর: ১১৮টি।
- সবচেয়ে হালকা গ্যাস কোনটি?
উত্তর: হাইড্রোজেন।
- সবচেয়ে ভারী মৌলিক পদার্থ কোনটি?
উত্তর: পারদ (Hg)।
- বায়ু একটি-
উত্তর: মিশ্র পদার্থ।
- পদার্থ কী?
উত্তর: যা স্থান দখল করে এবং যা স্থিতিশীল ও গতিশীল অবস্থার পরিবর্তনে বাধা প্রদান করে, তাই পদার্থ।
- মৌলিক পদার্থ কাকে বলে?
উত্তর: যে পদার্থকে ভাঙলে সেই পদার্থ ব্যতীত অন্য কোন নতুন পদার্থ পাওয়া যায় না, তাকে মৌলিক পদার্থ বলে।
- প্রকৃতিতে প্রাপ্ত মৌলিক পদার্থের সংখ্যা কতটি?
উত্তর: ৯৮টি।
- যৌগিক পদার্থ কাকে বলে?
উত্তর: যে পদার্থ থেকে দুই বা ততোধিক সম্পূর্ণ ভিন্ন ধর্ম বিশিষ্ট মৌলিক পদার্থ পাওয়া যায়, তাকে যৌগিক পদার্থ বলে।
- মিশ্র পদার্থ কাকে বলে?
উত্তর: দুই বা ততোধিক পদার্থকে যে কোন অনুপাতে একত্রে মিশালে যদি তারা নিজ নিজ ধর্ম বজায় রেখে পাশাপাশি অবস্থান করে, তবে উক্ত সমাবেশকে মিশ্র পদার্থ বলে।
- সবচেয়ে ভারী মৌলিক গ্যাস কোনটি?
উত্তর: রেডন।



Teacher's Work



- কোন কঠিন পদার্থ বিশুদ্ধ নাকি অশুদ্ধ তা কিসের মাধ্যমে নির্ণয় করা যায়? [৪০তম বিসিএস]
ক ঘনীভবন খ বাষ্পীভবন গ গলনাংক ঘ স্ফুটনাংক
- তাপ প্রয়োগে সবচেয়ে বেশি প্রসারিত হয় কোন পদার্থ? [২৩তম বিসিএস]
ক তরল পদার্থ খ বায়বীয় পদার্থ গ কঠিন পদার্থ ঘ নরম পদার্থ
- পানি বরফে পরিণত হলে কী ঘটবে? [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড-এর অ্যাসিস্টেন্ট ম্যানেজার: ২০২১]
ক ঘনত্ব বেড়ে যাবে খ আয়তন বেড়ে যাবে গ ভর কমে যাবে ঘ আয়তনের পরিবর্তন ঘটবে না
- কোন অবস্থায় অণুসমূহের মধ্যে আন্তঃআণবিক আকর্ষণ বল সর্বনিম্ন হয়? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার -২০১৯]
ক তরল খ প্লাজমা গ কঠিন ঘ বায়বীয়
- সবচেয়ে হালকা গ্যাস/মৌল কোনটি? [৩৩তম বিসিএস; আইন, বাংলাদেশ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ মাঠ কর্মকর্তা -১৮; বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব (ড্রাফটিং) -১৯]
ক হাইড্রোজেন খ লিথিয়াম গ ব্রোমিন ঘ কপার
- কোনটি পদার্থ নয়? [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শিউলি): ১১]
ক আলো খ অক্সিজেন গ নাইট্রোজেন ঘ পানি
- কোনটি পদার্থ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (রাজশাহী বিভাগ): ০৩]
ক বাতাস খ বিদ্যুৎ গ তাপ ঘ আলো
- পানির স্ফুটনাংক কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় পর্যায়): ১৯]
ক ১৮০ ডিগ্রি সেলসিয়াস খ ১০০ ডিগ্রি ফারেনহাইট গ ১৮০ ডিগ্রি ফারেনহাইট ঘ ১০০ ডিগ্রি সেলসিয়াস
- নিচের কোন উক্তিটি সঠিক? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্যামেলিয়া): ১২]
ক বায়ু একটি যৌগিক পদার্থ খ বায়ু বলতে অক্সিজেন ও নাইট্রোজেনকেই বুঝায়
গ বায়ু একটি মিশ্র পদার্থ ঘ বায়ু একটি মৌলিক পদার্থ

পরমাণু ও পরমাণুর গঠন

অণু

অণু শব্দের অর্থ ক্ষুদ্র। ১৮১১ সালে বিজ্ঞানী অ্যাভোগ্যাড্রো প্রথম অণুর ধারণা দেন। দুই বা ততোধিক পরমাণু একত্র হয়ে অণু গঠন করে।

পরমাণু

১. পরমাণু শব্দের অর্থ 'অত্যন্ত ক্ষুদ্র'।
২. পরমাণু বা এটম নাম দেন ডেমোক্রিটাস। ব্রিটিশ স্কুল শিক্ষক জন ডাল্টন ১৮০৩ সালে এটম এর নতুন ধারণা দেন।
৩. পরমাণু মৌলিক পদার্থের ক্ষুদ্রতম কণা যা রাসায়নিক বিক্রিয়ায় অংশগ্রহণ করে।

মৌলিক কণাসমূহের সংজ্ঞা

যে সকল সূক্ষ্ম কণিকা দ্বারা পরমাণু গঠিত হয় তাদের মৌলিক কণা বলে। একটি পরমাণুতে স্থায়ী তিনটি মৌলিক কণিকা থাকে। এগুলো হলো- ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন। এছাড়াও অনেক স্থায়ী কণিকা থাকে।

ইলেকট্রন

পরমাণুর ঋনাত্মক আধান বিশিষ্ট কণিকা হলো ইলেকট্রন। থমসন ১৮৯৭ সালে এটি আবিষ্কার করেন। পরমাণুর n -তম শক্তি স্তরে সর্বোচ্চ ইলেকট্রন ধারণ সংখ্যা $2n^2$ ।

প্রোটন

পরমাণুর ধনাত্মক আধানবিশিষ্ট কণিকা প্রোটন। রাদারফোর্ড ১৯১৯ সালে এটি আবিষ্কার করেন।

নিউট্রন

পরমাণুর আধানহীন কণিকা হলো নিউট্রন। ১৯৩২ সালে বিজ্ঞানী চ্যাডউইক এ কণিকা আবিষ্কার করেন। হাইড্রোজেন পরমাণুতে নিউট্রন নেই।

নিউক্লিয়াস

পরমাণুর কেন্দ্র হলো নিউক্লিয়াস। এতে প্রোটন ও নিউট্রন অবস্থান করে। সুতরাং পরমাণুর সকল ধনাত্মক আধান এবং প্রায় সম্পূর্ণ ভর নিউক্লিয়াসে

কেন্দ্রীভূত। ইলেকট্রন নিউক্লিয়াসের বাইরে থাকে এবং তার চারদিকে পরিভ্রমণ করে।

পারমাণবিক সংখ্যা

নিউক্লিয়াসে অবস্থিত পরমাণুর প্রোটন সংখ্যাকে পারমাণবিক সংখ্যা বা নিউক্লিয়ন সংখ্যা বলে।

ভর সংখ্যা

নিউক্লিয়াসে অবস্থিত প্রোটন ও নিউট্রনের মোট সংখ্যাকে ভর সংখ্যা বলে।

35

17 Cl এর তাৎপর্য-

$$\begin{aligned} \text{ক্লোরিনের ভর সংখ্যা } 35 &\longrightarrow \text{প্রোটন সংখ্যা} + \text{নিউট্রন সংখ্যা} = 35 \\ \text{ক্লোরিনের পারমাণবিক সংখ্যা (১৭)} &\longrightarrow \text{প্রোটন সংখ্যা} = 17 \\ &\hspace{15em} \text{নিউট্রন সংখ্যা} = 18 \end{aligned}$$

আইসোবার

যে সকল পরমাণুর ভর সংখ্যা সমান কিন্তু প্রোটন সংখ্যা ভিন্ন তাদের আইসোবার বলে।

আইসোটোপ

যে সকল পরমাণুর প্রোটন সংখ্যা সমান কিন্তু নিউট্রন সংখ্যা বা ভর সংখ্যা ভিন্ন তাদের আইসোটোপ বলে।

আইসোটোন

যে সকল পরমাণুর নিউট্রন সংখ্যা সমান কিন্তু প্রোটন ও ভর সংখ্যা ভিন্ন তাদের আইসোটোন বলে। ভরসংখ্যা = প্রোটন সংখ্যা + নিউট্রন সংখ্যা।

আইসোমার

যে সকল পরমাণুর পারমাণবিক সংখ্যা এবং ভর সংখ্যা একই, কিন্তু তাদের অভ্যন্তরীণ গঠন ভিন্ন তাদেরকে পরস্পরের আইসোমার বলে যেমন- ইথানল ও ডাই মিথাইল ইথানল।



Technique

- আইসোটোপ, আইসোবার, আইসোটোপ মনে রাখার উপায়-
- ✓ আইসোটোপ, শেষ বর্ণ প তে = প্রোটন সংখ্যা সমান থাকবে।
- ✓ আইসোবার, শেষ অক্ষর বার = ভর, অর্থাৎ ভর সংখ্যা সমান থাকবে।
- ✓ আইসোটোন, ন তে = নিউট্রন সংখ্যা সমান থাকবে।

নিষ্ক্রিয় গ্যাস সমূহ ও এদের ব্যবহার

He (হিলিয়াম), Ne (নিয়ন), Ar (আর্গন), (Kr) ক্রিপ্টন, Xe (জেনন), Rn (রেডন) এই মৌলগুলোকে নিষ্ক্রিয় গ্যাস বলে।

বাতাসের চেয়ে ঘনত্ব কম বলেই বেলুন উড়াতে হিলিয়াম এবং হাইড্রোজেন গ্যাস ব্যবহার করা হয়। ডুবুরিরা হাইড্রোজেন গ্যাসের পরিবর্তে হিলিয়াম মিশ্রিত হাইড্রোজেন গ্যাস ব্যবহার করেন।

এক কথায়

প্রশ্নোত্তর

১. অণু কী?

উত্তর: মৌলিক বা যৌগিক পদার্থের ক্ষুদ্রতম কণা।

২. সর্বপ্রথম অণুর ধারণা কে দেন?

উত্তর: অ্যাভোগ্যাড্রো, ১৮১১ সালে।

৩. পরমাণুর নামকরণ করেন কে?

উত্তর: ডেমোক্রিটাস।

৪. পারমাণবিক সংখ্যার আবিষ্কারক কে?

উত্তর: বিজ্ঞানী মোসলে।

৫. পরমাণুর কেন্দ্রকে কী বলা হয়?

উত্তর: নিউক্লিয়াস।

৬. পরমাণুতে কত ধরনের স্থায়ী কণিকা থাকে?

উত্তর: ৩ ধরনের- ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন।

৭. প্রোটিন কে আবিষ্কার করেন?
উত্তর: বিজ্ঞানী রাদারফোর্ড।
৮. নিউট্রিন কে আবিষ্কার করেন?
উত্তর: বিজ্ঞানী চ্যাডউইক।
৯. সর্বশেষ আবিষ্কৃত মৌলিক কণার নাম কী?
উত্তর: হিগস বোসন কণা।
১০. আইসোবার কী?
উত্তর: যে সকল পরমাণুর ভর সংখ্যা সমান কিন্তু প্রোটন সংখ্যা ভিন্ন তারা আইসোবার।
১১. আইসোটোপ কী?
উত্তর: যে সকল পরমাণুর প্রোটন সংখ্যা সমান কিন্তু নিউট্রন সংখ্যা ভিন্ন, তাদেরকে আইসোটোপ বলে।
১২. নিষ্ক্রিয় গ্যাস কতটি?
উত্তর: ৬টি। He, Ne, Ar, Kr, Xe, Rn।
১৩. কাকে পর্যায় সারণীর জনক বলা হয়?
উত্তর: দিমিত্রি মেন্ডেলিফ।
১৪. ইলেকট্রন কে আবিষ্কার করেন?
উত্তর: জে জে থমসন।
১৫. রাদারফোর্ড কত সালে প্রোটন আবিষ্কার করেন?
উত্তর: ১৯১৯ সালে।
১৬. প্রোটনের সংকেত কী?
উত্তর: P/H⁺
১৭. আইসোটোন কী?
উত্তর: যে সকল পরমাণুর নিউট্রন সংখ্যা সমান কিন্তু প্রোটন ও ভর সংখ্যা ভিন্ন, তাদের আইসোটোন বলে।
১৮. পারমাণবিক সংখ্যার অপর নাম কী?
উত্তর: নিউক্লিয়ন সংখ্যা।
১৯. ইউরেনিয়ামের পারমাণবিক সংখ্যা কত?
উত্তর: ৯২।
২০. আর্সেনিকের পারমাণবিক সংখ্যা কত?
উত্তর: ৩৩।
২১. রঙ্গিন আলো সৃষ্টিতে কোন গ্যাস ব্যবহৃত হয়?
উত্তর: নিয়ন গ্যাস।



Teacher's Work



১. নিউট্রন আবিষ্কার করেন— [২২তম বিসিএস; জাতীয় সংসদ সচিবালয় সহ. সচিব: '১৮]
- কিউরি রাদারফোর্ড চ্যাডউইক থমসন
২. একটি পারমাণবিক কণার— [পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা: ১৮]
- আয়তন নেই, ওজন আছে ওজন আছে, আয়তন আছে আয়তন আছে, ওজন নেই আয়তন নেই, ওজন নেই
৩. নিচের কোনটি মূল কণিকা? [বিদ্যুৎ জ্বালানি খনিজসম্পদ মন্ত্রণালয়ের অধীন সহকারী বিস্কোরক পরিদর্শক: ২২]
- নিউট্রিনো নিউট্রন পজিট্রন ডিউট্রেরন কণা
৪. কোনটি মৌলিক কণিকা নয়? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০৪]
- প্রোটন নিউট্রন ইলেকট্রন হাইড্রোজেন পরমাণু
৫. ক্যালার চিকিৎসায় ব্যবহৃত গামা বিকিরণের উৎস হলো— [৪০ তম বিসিএস : ৩৬তম বিসিএস / পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন- প্রশাসনিক কর্মকর্তা : ০১]
- আইসোটোন রাসায়নিক পদার্থ বা কেমিক্যাল আইসোবার আইসোটোপ
৬. আইসোটোপের ক্ষেত্রে কোনটি সঠিক? [৩১তম বিসিএস]
- ভর সংখ্যা সমান থাকে নিউট্রন সংখ্যা একই থাকে প্রোটন সংখ্যা সমান থাকে প্রোটন ও নিউট্রন সংখ্যা সমান থাকে

এসিড, ক্ষার ও লবণ

এসিড

জলীয় দ্রবণে বিয়োজিত হয়ে হাইড্রোজেন আয়ন (H⁺) প্রদান করে তাকে এসিড বা অম্ল বলে। P^H স্কেল দিয়ে সহজেই এসিডিটি নির্ণয় করা যায়।

$$P^H = 7 \text{ (নিরপেক্ষ দ্রবণ)}$$

$$P^H < 7 \rightarrow \text{Acid}$$

$$P^H > 7 \rightarrow \text{Base/Alkali. (ক্ষার)}$$

জৈব এসিড

- অ্যাসিটিক এসিড বা ইথানয়িক এসিডের (৬-১০)% জলীয় দ্রবণকে ভিনেগার বলে। এটি খাদ্য সংরক্ষক হিসেবে ব্যবহৃত হয়।
- বোলতা, মৌমাছি, লাল পিঁপড়া প্রভৃতির কামড়ে 'ফরমিক এসিড' (মিথানয়িক এসিড) থাকে।

বিভিন্ন ফলের এসিড

জৈব এসিড	ফলের নাম	জৈব এসিড	ফলের নাম
সাইট্রিক এসিড	লেবুর রস	ম্যালিক এসিড	টমেটো
অ্যাসকরবিক এসিড	আমলকি, কমলালেবু	টারটারিক এসিড	আপু, তেতুল
ম্যালিক এসিড	আপেল, আনারস	ল্যাকটিক এসিড	দুধ

ক্ষার/ক্ষারক

যে যৌগের অণুতে অক্সাইড (O²⁻) বা হাইড্রোক্সাইড (OH⁻) আয়ন থাকে এবং যা এসিডের সাথে বিক্রিয়া করে কেবল লবণ ও পানি উৎপন্ন করে তাকে ক্ষারক বলে।

যেমন: Na₂O (সোডিয়াম অক্সাইড), CaO (ক্যালসিয়াম অক্সাইড)।

যে সব ক্ষারক পানিতে দ্রবীভূত হয় তাকে ক্ষার বলে।

যেমন: NaOH (সোডিয়াম হাইড্রোক্সাইড),
Ca(OH)₂ (ক্যালসিয়াম হাইড্রোক্সাইড)।

লবণ

সোডিয়াম ক্লোরাইড (NaCl) বা লবণ হলো একটি রাসায়নিক পদার্থ যা সাধারণত টেবিল লবণ হিসেবেও পরিচিত।

ধাতু ও অধাতু

সোনা, রূপা, তামা, লোহা ইত্যাদি।

■ ধাতুর বৈশিষ্ট্য:

১. ধাতু তাপ ও বিদ্যুৎ পরিবাহী।

বিভিন্ন ধরনের ধাতু

সবচেয়ে মূল্যবান ধাতু	প্লাটিনাম (Pt)
ভূ-পৃষ্ঠে সবচেয়ে বেশি ধাতু	অ্যালুমিনিয়াম (Al)
সবচেয়ে সক্রিয় ধাতু	পটাসিয়াম (K)
সবচেয়ে বেশি ব্যবহৃত ধাতু	লোহা (Fe)
সবচেয়ে ভারী ধাতু	ইউরেনিয়াম (U)
সবচেয়ে হালকা ধাতু	লিথিয়াম (Li)
সবচেয়ে ভারী তরল পদার্থ	পারদ (Hg)
যে ধাতু পানিতে ভাসে	সোডিয়াম (Na) (পানির চেয়ে হালকা)।
পারমাণবিক চুল্লীতে তাপ পরিবাহক হিসেবে যে ধাতু ব্যবহৃত হয়।	সোডিয়াম (Na)।
সবচেয়ে কম গলনাঙ্ক যে ধাতুর	পারদ (Hg)
স্বাভাবিক তাপমাত্রায় তরল ধাতু	পারদ (Hg) ও সিজিয়াম (Cs)।
সবচেয়ে দ্রুত ক্ষয়প্রাপ্ত ধাতু	দস্তা (Zn)।
যে ধাতুর উপর আঘাত করলে শব্দ হয় না	অ্যান্টিমনি (Sb) (Antimony)।

■ ধাতুর নিষ্ক্রিয়তা (Inertness of Metal):

ধাতুসমূহ যে অবস্থায় এসিডের সাথে বিক্রিয়া করে না সে অবস্থাকে বলা হয় ধাতুর নিষ্ক্রিয়তা।

■ সংকর ধাতু

কিছু ধাতুর গুরুত্বপূর্ণ সংকর ধাতু

ধাতুর নাম	সংকর ধাতুর নাম	সংযুক্তি
কপার (Cu)	ব্রোঞ্জ বা কাসা	তামা ৯০% + টিন ১০%
	ব্রাস বা পিতল	তামা ৮০% + জিংক ২০%
লোহা (Fe)	স্টেইনলেস স্টিল	লোহা ৮৪% + ক্রোমিয়াম (১৪-১০)% + নিকেল (১-২)% + কার্বন ০.৩%
	ইস্পাত	লোহা (৯৮-৯৯.৫)% + কার্বন (০.২-২.১)%

■ ধাতুর সক্রিয়তার ক্রম: পটাসিয়াম (K) > সোডিয়াম (Na) > ক্যালসিয়াম (Ca) > ম্যাগনেসিয়াম (Mg) > অ্যালুমিনিয়াম (Al) > দস্তা (Zn) > লোহা (Fe) > টিন (Sn) > লেড (Pb) > হাইড্রোজেন (H) > কপার (Cu) > পারদ (Hg) > রূপা (Ag) > প্লাটিনাম (Pt) > সোনা (Au)।

■ অভিজাত ধাতু: সোনা, প্লাটিনাম, রূপা, রেডিয়াম, প্যালাডিয়াম ইত্যাদি। সবচেয়ে মূল্যবান ধাতু হলো প্লাটিনাম।

■ ক্ষার ধাতু: কিছু ক্ষার ধাতু হলো- সোডিয়াম (Na), লিথিয়াম (Li), পটাসিয়াম (K), রুবিডিয়াম (Rb), সিজিয়াম (Cs), হাইড্রোজেন (H) এবং ফ্রান্সিয়াম (Fr)।

■ মৃৎক্ষার ধাতু (Alkali earth metals): যেমন: ক্যালসিয়াম (Ca), ম্যাগনেসিয়াম (Mg), স্ট্রনসিয়াম (Sr), বেরিয়াম (Ba), রেডিয়াম (Ra), বেরিলিয়াম (Be)।

গুরুত্বপূর্ণ ধাতব যৌগের নাম ও সংকেত

যৌগের নাম	সংকেত	রাসায়নিক নাম
খাবার সোডা	NaHCO ₃	সোডিয়াম বাই কার্বনেট
টেস্টিং সল্ট	C ₅ H ₈ NO ₄ Na	মনোসোডিয়াম গুটামেট
কস্টিক সোডা	NaOH	সোডিয়াম হাইড্রোক্সাইড
সোডা অ্যাশ	Na ₂ CO ₃	অনার্দ্র সোডিয়াম কার্বনেট
কাপড় কাচা সোডা	Na ₂ CO ₃ · 10H ₂ O	আর্দ্র সোডিয়াম কার্বনেট
ব্লিচিং পাউডার	Ca(OCl)Cl	ক্যালসিয়াম ক্লোরো হাইপোক্লোরাইড
ফিটকিরি বা পটাশ এলাম	Al ₂ (SO ₄) ₃ · K ₂ SO ₄ · 24H ₂ O	পটাশিয়াম অ্যালুমিনিয়াম সালফেট

অধাতব পদার্থ এবং এদের যৌগ

এ পর্যন্ত আবিষ্কৃত অধাতুর সংখ্যা ১৯টি। যেমন কার্বন, অক্সিজেন, আয়োডিন, হাইড্রোজেন ইত্যাদি।

■ অধাতুর বৈশিষ্ট্য:

১. অধাতুসমূহ জারক।
৩. অধাতু তড়িৎ অবিশ্লেষ্য।
৪. অধাতুর অক্সাইডসমূহ প্রধানত অম্লীয়।
৫. অধাতুসমূহ বিদ্যুৎ ও তাপ অপরিবাহী।

বিভিন্ন ধরনের অধাতু

সবচেয়ে সক্রিয় অধাতু	ফ্লোরিন
সবচেয়ে হালকা অধাতু	হাইড্রোজেন
তাপ ও বিদ্যুৎ পরিবাহী অধাতু	গ্রাফাইট
যে অধাতু বিদ্যুৎ অর্ধপরিবাহী	সিলিকন
যৌগের সংখ্যা সবচেয়ে বেশি যে মৌল অধাতুর	কার্বন
একমাত্র তরল অধাতু (স্বাভাবিক অবস্থায় রঙিন তরল)	ব্রোমিন

■ অধাতুর কতিপয় যৌগ

■ **বহুরূপতা:** কার্বন (C), ফসফরাস (P), সিলিকন (Si), সালফার (S), জার্মেনিয়াম (Ge), বোরন (B), টিন (Sn) ইত্যাদি মৌল বহুরূপতা প্রদর্শন করে।

■ **ওয়াটার গ্যাস:** $(CO + H_2)$ ।

■ নিষ্ক্রিয় গ্যাস

আর্গন: ইলেক্ট্রনিক বাল্ব, রেকটিফায়ারে, ঝালাই-এর কাজে ব্যবহৃত হয়।

ক্রিপ্টন: টিউব বাতিতে, ক্যাম্প-ল্যাম্প, পারমাণবিক দীপ (ল্যাম্প) নির্মাণে ব্যবহৃত হয়।

জেনন: ফ্লাশ লাইটে, নিউট্রন γ -রশ্মি ও নিরপেক্ষ মেশিন শনাক্তকরণে ব্যবহৃত হয়।

রেডন: রেডিও থেরাপিতে ও ক্যান্সার চিকিৎসায় ব্যবহৃত হয়।

এক কথায়



প্রশ্নোত্তর

১. গুব্বার লবণের সংকেত কী?

উত্তর: $Na_2SO_4 \cdot 10H_2O$

২. গ্রীন ভিট্রিয়ল এর সংকেত কী?

উত্তর: $FeSO_4 \cdot 7H_2O$

৩. হোয়াইট ভিট্রিয়ল এর সংকেত কী?

উত্তর: $ZnSO_4 \cdot 7H_2O$

৪. ব্লু ভিট্রিয়ল এর সংকেত কী?

উত্তর: $CuSO_4 \cdot 5H_2O$

৫. কোন কোন মৌল বহুরূপতা প্রদর্শন করে?

উত্তর: C, P, Si, S, Ge, B, Sn ইত্যাদি।

৬. কার্বনের রূপভেদ দুটি কি কি?

উত্তর: গ্রাফাইট ও হীরক।

৭. প্রকৃতিতে প্রাপ্ত সবচেয়ে কঠিন পদার্থ কোনটি?

উত্তর: হীরক।

৮. হীরক উজ্জ্বল দেখায় কেন?

উত্তর: পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের জন্য।

৯. আণবিক চুল্লীতে মডারেটর হিসেবে কী ব্যবহৃত হয়?

উত্তর: গ্রাফাইট।

১০. কোন ধাতু সর্বাপেক্ষা হালকা?

উত্তর: লিথিয়াম।

১১. সাধারণ তাপমাত্রায় কোন ধাতু তরল অবস্থায় থাকে?

উত্তর: পারদ ও সিজিয়াম।

১২. কোন ধাতুকে পোড়ালে উজ্জ্বল হলুদ বর্ণের শিখা উৎপন্ন করে?

উত্তর: সোডিয়াম।

১৩. কোনটি সাবানকে শক্ত করে?

উত্তর: সোডিয়াম সিলিকেট।

১৪. কোন ধাতু দিয়ে তার বানানো সহজতর?

উত্তর: তামা।

১৫. কোন ধাতু সবচেয়ে বেশি ক্ষয়প্রাপ্ত হয়?

উত্তর: দস্তা বা জিংক।

১৬. কোন ধাতুর গলনাঙ্ক সবচেয়ে কম?

উত্তর: পারদ।

১৭. কোন লোহায় বেশি পরিমাণ কার্বন থাকে?

উত্তর: কাস্ট আয়রনে।

১৮. কোন শিখা লোহা গলিয়ে জোড়া লাগাতে সাহায্য করে?

উত্তর: অক্সি-অ্যাসিটিলিন শিখা।

১৯. সংকর ধাতু কাঁসার (ব্রোঞ্জ) উপাদান কী কী?

উত্তর: তামা ও টিন।

২০. পিতল কী কী মৌল উপাদান দিয়ে তৈরী?

উত্তর: তামা ও দস্তা।

২১. স্টেইনলেস স্টীলে লোহার সাথে কোন ধাতু মেশানো হয়?

উত্তর: নিকেল ও ক্রোমিয়াম।

২২. খাবার সোডা বা বেকিং সোডার রাসায়নিক সংকেত কী?

উত্তর: সোডিয়াম বাই কার্বোনেট ($NaHCO_3$)।

২৩. খাবার লবণের রাসায়নিক সংকেত-

উত্তর: $NaCl$ ।

২৪. থার্মোমিটারে পারদ ব্যবহার করা হয় কারণ-

উত্তর: অল্প তাপে আয়তন অনেক বেশি বৃদ্ধি পায়।

২৫. লোহার গ্যালভানাইজিং বলতে বুঝায়-

উত্তর: লোহার উপর দস্তার প্রলেপ।

২৬. সবচেয়ে ভারী ধাতু-

উত্তর: ইউরেনিয়াম।

২৭. অক্সিঅ্যাসিটিলিন শিখার তাপমাত্রা-

উত্তর: $3000-3500^\circ$ সে.।

২৮. জিরকন, মোনানজাইট, বিউটাইল প্রভৃতির সমন্বয়ে গঠিত হয়-

উত্তর: ক্যালোসোনা।

২৯. গান মেটাল-

উত্তর: তামা, টিন ও দস্তা এর সংকর।

৩০. জিংক সালফেটের সংকেত-

উত্তর: জিংক সালফেট ($ZnSO_4$)।

৩১. খাবার লবণের মূল উপাদান হলো-

উত্তর: সোডিয়াম ও ক্লোরিন।



Teacher's Work



- জারণ বিক্রিয়ায় কী ঘটে? [২৯তম ও ৩১তম বিসিএস; সহকারী থানা শিক্ষা অফিসার; ২০০৯]
 - ইলেকট্রনের বর্জন
 - ইলেকট্রনের গ্রহণ
 - ইলেকট্রনের আদান-প্রদান
 - কোনটিই নয়
- জারণ-বিজারণ বিক্রিয়ায় ধাতুর ক্ষয়কে বলে-? [জাবি ভর্তি পরীক্ষা (এ ইউনিট); ২০১৮-১৯]
 - অ্যারোসান
 - অবশন
 - অ্যাবজার্বশন
 - করোসান
- একটি জারক পদার্থ? [চবি ভর্তি পরীক্ষা (এ ইউনিট- বিকাল); ২০১৮-১৯]
 - ইলেকট্রন গ্রহণ করে
 - ইলেকট্রন ত্যাগ করে
 - প্রোটন দান করে
 - প্রোটন গ্রহণ করে
- কোনটি বিজারণ পদার্থের উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (পদ্ম, বেলী) -'০৯; রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ব্যবস্থাপনা) -'০৮-০৯]
 - কার্বন
 - ফ্লোরিন
 - ক্লোরিন
 - পটাসিয়াম ডাইক্রোমেট
- কোনটি বিজারণ বিক্রিয়ায় ঘটে? [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট -'০৭; সোনালী ব্যাংক ক্যাশ অফিসার'১৫]
 - ঋনাত্মক মৌল সংযোজন
 - ঋনাত্মক পরমাণু সংযোজন
 - ইলেকট্রন গ্রহণ
 - ঋনাত্মক পরমাণু অপসারণ



শব্দ ও তরঙ্গ

■ **শব্দ:** শব্দ শক্তির একটি বিশেষ রূপ যা আমাদের কানে শ্রবণের অনুভূতি জন্মায়। বস্তুর কম্পনের ফলে শব্দ উৎপন্ন হয়।

শব্দ সঞ্চালনের জন্য জড় মাধ্যমের প্রয়োজন হয়। চাঁদে শব্দ সঞ্চালনের জন্য জড় মাধ্যম অর্থাৎ বায়ু নেই বলে চাঁদে শব্দ শোনা যায় না। বস্তুর কম্পন মাপা হয় হার্টজ (Hz) একক দিয়ে।

■ **তরঙ্গ:** জড় মাধ্যমের এক স্থান থেকে অন্য স্থানে শক্তি সঞ্চালিত করে কিন্তু মাধ্যমের কণাগুলো স্থানান্তরিত করে না।

➔ **তরঙ্গের প্রকার:** তরঙ্গ দুই প্রকার।

যেমন- ১. আড় বা অনুপ্রস্থ তরঙ্গ। যেমন- পানির তরঙ্গ, আলোক তরঙ্গ।

২. লম্বিক বা অনুদৈর্ঘ্য তরঙ্গ। যেমন- শব্দ তরঙ্গ।

শ্রাব্যতার পাল্লা

শব্দ উৎসের কম্পন সংখ্যা প্রতি সেকেন্ডে ২০Hz এর কম এবং ২০,০০০ Hz এর বেশি হলে মানুষ সেই শব্দ শুনতে পায় না। কম্পনের এই সীমাকে শ্রাব্যতার পাল্লা বলে।

আল্ট্রাসনিক ও ইনফ্রাসনিক

যে শব্দ তরঙ্গের কম্পাঙ্ক ২০,০০০Hz বা তার বেশি এবং ১০^৬ Hz এর কম তাকে শব্দোত্তর তরঙ্গ বা শ্রবণোত্তর তরঙ্গ বা আল্ট্রাসনিক তরঙ্গ বলে।

ধাতব পিণ্ড বা ধাতবপাতে সূক্ষ্মতম ফাটল অনুসন্ধান, সূক্ষ্ম ইলেকট্রনিক যন্ত্রপাতি তৈরি, ক্ষতিকারক ব্যাকটেরিয়া ধ্বংস করা, রোগ নির্ণয় ও চিকিৎসা এবং আল্ট্রাসোনোগ্রাফি ইত্যাদিতে আল্ট্রাসনিক তরঙ্গ ব্যবহৃত হয়।

সাধারণত, ২০ Hz এর চেয়ে কম কম্পাঙ্কের শব্দ তরঙ্গকে বলা হয় ইনফ্রাসনিক বা শব্দেতর তরঙ্গ।

শব্দোত্তর তরঙ্গের ব্যবহার: সমুদ্রের গভীরতা নির্ণয়, বাদুড়ের পথ চলা।

শব্দ তীব্রতা এবং এর সহনশীলতার পাল্লা

শব্দের তীব্রতা (১০^৫-১২০) ডেসিবলের উপরে মানুষ বধির হয়ে যেতে পারে।

➔ এলাকা হিসেবে গ্রহণযোগ্য সর্বোচ্চ মাত্রা

১. নীরব এলাকা ৪৫ ডেসিবল (dB)
২. আবাসিক এলাকা ৫০ ডেসিবল (dB)
৩. মিশ্র এলাকা ৬০ ডেসিবল (dB)
৪. বাণিজ্যিক এলাকা ৭০ ডেসিবল (dB)
৫. শিল্প এলাকা ৮০ ডেসিবল (dB)

শব্দের বেগ

প্রতি সেকেন্ডে শব্দ যতটুকু পথ অতিক্রম করে তাকে শব্দের বেগ বলে। শব্দের বেগ কঠিন মাধ্যমে সবচেয়ে বেশি, তরলে তার থেকে কম এবং বায়ুতে সবচেয়ে কম।

শব্দের প্রতিফলন ও প্রতিধ্বনি

■ **শব্দের প্রতিফলন:** শব্দ একটি অনুদৈর্ঘ্য তরঙ্গ।

■ **প্রতিধ্বনি:** কোন শব্দ শোনার পর $\frac{1}{10}$ সে. বা ০.১ সে. পর্যন্ত শ্রোতার মস্তিষ্কে এর অনুভূতি থেকে যায়। এ সময়কে শব্দানুভূতির স্থায়ীত্বকাল বলে। অর্থাৎ, প্রতিধ্বনি শোনার জন্য মূল ধ্বনি ও প্রতিধ্বনি শোনার মধ্যবর্তী সময়ের পার্থক্য ০.১ সেকেন্ড হওয়া প্রয়োজন। প্রতিধ্বনি শোনার জন্য উৎস ও প্রতিফলকের মধ্যবর্তী ন্যূনতম দূরত্ব ১৬.৬ মিটার হতে হবে। প্রতিধ্বনি ব্যবহার করে কূপ বা সমুদ্রের গভীরতা নির্ণয় করা যায়। সমুদ্রের গভীরতা পরিমাপে ফ্যাদোমিটার ব্যবহার করা হয়।

এক কথায় প্রশ্নোত্তর

১. শব্দ কী?
উত্তর: শব্দ এক প্রকার শক্তি।
২. শব্দ উৎপত্তির কারণ-
উত্তর: বস্তুর কম্পন।
৩. মানবদেহে শব্দ উৎপন্ন করে-
উত্তর: স্বরযন্ত্র।
৪. বস্তুর কম্পন মাপা হয় কোন একক দ্বারা?
উত্তর: Hz (হার্টজ)।
৫. মানুষের শ্রাব্যতার সীমা কত?
উত্তর: (২০-২০০০) Hz।
৬. তরঙ্গ দ্বারা এক স্থান থেকে অন্য স্থানে কী সঞ্চালিত হয়-
উত্তর: শক্তি।
৭. শব্দ সঞ্চালনের জন্য কী প্রয়োজন?
উত্তর: জড় মাধ্যম।
৮. চাঁদে শব্দ শোনা যায় না কেন?
উত্তর: বায়ু নেই বলে।
৯. অনুপ্রস্থ তরঙ্গের অপর নাম কী?
উত্তর: আড়তরঙ্গ।
১০. তরঙ্গদৈর্ঘ্যের একক কী?
উত্তর: মিটার।
১১. আল্ট্রাসোনিক কী?
উত্তর: যে শব্দ তরঙ্গের কম্পাঙ্ক ২০০০০ Hz এর বেশি, তাই আল্ট্রাসোনিক শব্দ।
১২. ধাতবপাতের সূক্ষ্মতম ফাটল অনুসন্ধান করা হয় কীসের সাহায্যে?
উত্তর: আল্ট্রাসোনিক।
১৩. আল্ট্রাসোনোগ্রাফিতে কোন তরঙ্গ ব্যবহৃত হয়?
উত্তর: আল্ট্রাসোনিক তরঙ্গ।
১৪. শব্দের বা ইনফ্রাসোনিক শব্দ কী?
উত্তর: ২০ Hz এর চেয়ে কম কম্পাঙ্কের শব্দ তরঙ্গকে বলা হয় শব্দের তরঙ্গ।
১৫. স্বাভাবিক কথার তীব্রতার লেভেল কত?
উত্তর: ৬০ dB
১৬. কানের যন্ত্রণার সৃষ্টি করে কত তীব্রতার শব্দ?
উত্তর: ১০৫ dB.
১৭. শব্দের তীব্রতা কত হলে সেটি দূষণ বলে অভিহিত?
উত্তর: (১০৫-১২০) dB.
১৮. নীরব এলাকায় শব্দের গ্রহণযোগ্য মাত্রা কত?
উত্তর: ৪৫ dB.
১৯. শূন্য মাধ্যমে শব্দের বেগ কত?
উত্তর: শূন্য।
২০. শব্দের প্রতিধ্বনি সৃষ্টি হওয়ার মূল কারণ কী?
উত্তর: শব্দের প্রতিফলন।



Teacher's Work



১. কোন মাধ্যমে শব্দের গতি সবচেয়ে কম? [৩০তম বিসিএস]
ক) শূন্যতায় খ) কঠিন পদার্থে গ) তরল পদার্থে ঘ) বায়বীয় পদার্থে
২. কোন শব্দ শোনার পরে কত সেকেন্ড পর্যন্ত এর রেশ আমাদের মস্তিষ্কে থাকে? [২৮তম বিসিএস; পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার- ২০১৯]
ক) ১ সেকেন্ড খ) ০.১ সেকেন্ড গ) ০.০১ সেকেন্ড ঘ) ০.০০১ সেকেন্ড
৩. নিচের কোন তরঙ্গের তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে বেশি? [মাত্রাবিধি ভর্তি প রীক্ষা (এ ইউনিট): ২০১৮-১৯]
ক) অতি বেগুনি রশ্মি খ) বেতার তরঙ্গ গ) Y রশ্মি ঘ) X রশ্মি
৪. বাদুড় অন্ধকারে চলাফেরা করে কীভাবে? [২৭তম বিসিএস]
ক) সৃষ্ট শব্দের প্রতিধ্বনি শুনে খ) তীক্ষ্ণ দৃষ্টিসম্পন্ন চোখের সাহায্যে
গ) অলৌকিকভাবে ঘ) ক্রমাগত শব্দ উৎপন্নের মাধ্যমে অবস্থান নির্ণয় করে
৫. লোকভর্তি হল ঘরে শূন্যঘরের চেয়ে শব্দ ক্ষীণ হয় কারণ- [২৩তম বিসিএস]
ক) শূন্য ঘর নীরব থাকে খ) লোক ভর্তি ঘরে মানুষের শোরগোল হয়
গ) শূন্য ঘরে শব্দের শোষণ কম হয় ঘ) শূন্য ঘরে শব্দের শোষণ বেশি হয়
৬. কীসের সাহায্যে সমুদ্রের গভীরতা মাপা হয়? [১৪তম, ২০তম বিসিএস; প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (২য় ধাপ) ২০]
ক) প্রতিফলন খ) প্রতিধ্বনি গ) প্রতিসরণ ঘ) সংকোচন
৭. মানুষের শ্রাব্যতার সীমা- [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধি: সহকারী পরিচালক ২০১৩]
ক) (20 - 20,000) Hz খ) (20 - 20,00) Hz গ) (10 - 10,000) Hz ঘ) (20 - 200) Hz
৮. পানিতে ডুব দিয়ে কেউ হাত তালি দিলে, সেই তালির শব্দ জোরে শুনতে পাবে- [৭ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা: ১২]
ক) ডুবন্ত অবস্থায় থাকা ব্যক্তি খ) পানির তীরে দাঁড়ানো ব্যক্তি
গ) ডুবন্ত অবস্থায় কেউ শব্দ শুনতেই পাবে না ঘ) সকলেই জোরে শব্দ শুনতে পারবে
৯. শূন্য মাধ্যমে শব্দের বেগ কত? [৩৭তম বিসিএস; ভূমি ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ১৯]
ক) ২৮০ m/s খ) ০ গ) ৩৩২ m/s ঘ) ১১২০ m/s
১০. আল্ট্রাসোনোগ্রাফি কী? [১৫তম বিসিএস]
ক) শক্তিশালী শব্দ দিয়ে পিত্ত পাথর বিচূর্ণীকরণ খ) ছোট তরঙ্গদৈর্ঘ্যের শব্দ দ্বারা ইমেজিং
গ) শরীরের অভ্যন্তরের শব্দ বিশ্লেষণ ঘ) নতুন ধরনের এক্সরে
১১. যে সর্বোচ্চ শ্রুতিসীমার উপরে মানুষ বধির হতে পারে তা হচ্ছে- [১২তম বিসিএস]
ক) ৭৫ (dB) খ) ১০৫ (dB) গ) ৯০ (dB) ঘ) ১২০ (dB)




চুম্বক ও চুম্বকত্ব

যে সকল বস্তুর আকর্ষণ ও দিক নির্দেশক ধর্ম আছে, তাদের চুম্বক বলে। চুম্বকের রাসায়নিক সংকেত Fe_3O_4 । চুম্বকত্ব চুম্বকের একটি ভৌত ধর্ম। চুম্বকের মেরু অঞ্চলে অর্থাৎ দুই মেরুতে আকর্ষণ ক্ষমতা সবচেয়ে বেশি। পৃথিবী একটি বিরাট চুম্বক।

অস্থায়ী চুম্বক: কাঁচা বা নরম লোহা দিয়ে তৈরি।

ব্যবহার: কলিং বেল ও বৈদ্যুতিক ঘন্টায়।

■ সংকর:



সর্বপ্রথম স্থায়ী চুম্বক তৈরি হয়েছিল ইস্পাত দ্বারা।

কার্বনের পরিমাণ ছিল ০.৮%

■ সিরামিক চুম্বক: ফেরাইট যৌগ নামে পরিচিত।

সিরামিকের ব্যবহার: টেপ রেকর্ডার ও কম্পিউটারের স্মৃতির ফিতায়।

প্রাকৃতিক চুম্বক

খনি থেকে প্রাপ্ত যে সকল কঠিন পদার্থের আকর্ষণী ধর্ম ও দিক নির্দেশক ধর্ম রয়েছে তাদেরকে প্রাকৃতিক চুম্বক বলে।

কৃত্রিম চুম্বক

শিল্প ও বৈজ্ঞানিক কাজে কৃত্রিম চুম্বক ব্যবহার করা হয়।

অস্থায়ী চুম্বক

সাধারণত কাঁচা লোহা, নিকেল, লোহার সংকর ধাতু অস্থায়ী চুম্বক তৈরি করে। মটর, জেনারেটর, ট্রান্সফর্মার প্রভৃতি তৈরিতে অস্থায়ী চৌম্বক পদার্থ ব্যবহার করা হয়।

স্থায়ী চুম্বক

- লোহা, নিকেল, কোবাল্ট, তামা প্রভৃতির মিশ্রণ দিয়ে বর্তমানে শক্তিশালী স্থায়ী চুম্বক তৈরি করা হচ্ছে।
- সম্প্রতি উদ্ভাবিত সবচেয়ে শক্তিশালী স্থায়ী চুম্বক হচ্ছে নিওডিমিয়াম। এটি বোরন, আয়রন ও নিওডিমিয়ামের সংমিশ্রণে গঠিত।
- লোহার মধ্যে ০.৮% এর বেশি কার্বন থাকলে তা স্থায়ী চুম্বক তৈরি করে। স্থায়ী চুম্বক দুই ধরনের- সংকর চুম্বক (এলনিকো, নিওডিমিয়াম) এবং সিরামিক চুম্বক।
- টেপ রেকর্ডার ও কম্পিউটারের স্মৃতির ফিতায় এ সিরামিক চুম্বক ব্যবহার করা হয়। এছাড়া ক্যাসেটের ফিতায় ক্রোমিয়াম অক্সাইড (CrO_2) ব্যবহার করা হয়।

চৌম্বক এবং অচৌম্বক পদার্থ

লোহা, ইস্পাত, কোবাল্ট, নিকেল প্রভৃতি ধাতু চৌম্বক পদার্থ। সাধারণত লোহা, লোহার যৌগ এবং সেসব সংকর ধাতু যেগুলোতে লোহা বা ইস্পাত আছে এবং নিকেল ও কোবাল্ট চৌম্বক পদার্থ। সোনা, রূপা, তামা, পিতল, অ্যালুমিনিয়াম, দস্তা, টিন ইত্যাদি ধাতুকে চুম্বক আকর্ষণ করে না- এরা অচৌম্বক পদার্থ। বেশির ভাগ অধাতু যেমন- কাঠ, কাঁচ, কাগজ, প্লাস্টিক, রাবার ইত্যাদি অচৌম্বক পদার্থ।

এক কথায়



প্রশ্নোত্তর

১. টেপ রেকর্ডার ও কম্পিউটারের স্মৃতির ফিতায় ব্যবহৃত হয়-

উত্তর: সিরামিক চুম্বক।

২. চুম্বকত্ব পরিমাপক যন্ত্র-

উত্তর: ম্যাগনেটোমিটার।

৩. চুম্বকের রাসায়নিক সংকেত কী?

উত্তর: Fe_3O_4

৪. চুম্বকত্ব কী?

উত্তর: চুম্বকের আকর্ষণীয় ও দিক নির্দেশক ধর্ম।

৫. চৌম্বকের ভৌত ধর্ম কী?

উত্তর: চুম্বকত্ব।

৬. চুম্বকের আকর্ষণ ক্ষমতা কোথায় সবচেয়ে বেশি থাকে?

উত্তর: চুম্বকের দুই মেরুতে।

৭. চুম্বক কত প্রকার?

উত্তর: ২ প্রকার - প্রাকৃতিক ও কৃত্রিম।

৮. সর্বপ্রথম স্থায়ী চুম্বক কী দ্বারা তৈরি হয়?

উত্তর: ইস্পাত।

৯. সিরামিক কী?

উত্তর: ফেরাইট যৌগ। আয়রন অক্সাইড ও বেরিয়াম অক্সাইড এর মিশ্রণে তৈরি।

১০. টেপ রেকর্ডার ও কম্পিউটারের স্মৃতির-ফিতায় কী ব্যবহার করা হয়?

উত্তর: সিরামিক।

১১. প্রাকৃতিক চুম্বক কাকে বলে?

উত্তর: খনিতে যে সকল চুম্বক পাওয়া যায় তাদের প্রাকৃতিক চুম্বক বলে।

১২. প্রাকৃতিক চুম্বকের অপর নাম কী?

উত্তর: লোডস্টোন।

১৩. শিল্প ও বৈজ্ঞানিক কাজে কোন ধরনের চুম্বক ব্যবহার করা হয়?

উত্তর: কৃত্রিম চুম্বক।

১৪. মটর, জেনারেটর, ট্রান্সফর্মার প্রভৃতিতে কোন ধরনের চুম্বক ব্যবহার করা হয়?

উত্তর: অস্থায়ী চুম্বক।

১৫. স্থায়ী চুম্বক কাকে বলে?

উত্তর: চৌম্বকক্ষেত্র অপসারিত হলে যে কৃত্রিম চুম্বকের চুম্বকত্ব সহজে বিলুপ্ত হয় না তাকে স্থায়ী চুম্বক বলে।

১৬. সম্প্রতি উদ্ভাবিত সবচেয়ে শক্তিশালী স্থায়ী চুম্বক কোনগুলো?

উত্তর: নিওডিমিয়াম, বোরন, আয়রন-এর সংমিশ্রণে তৈরি চুম্বক এবং স্যামারিয়াম-কোবাল্ট চুম্বক এবং অ্যালনিকো চুম্বক।

১৭. স্থায়ী চুম্বক তৈরিতে লোহার মধ্যে কত ভাগ কার্বন থাকতে হয়?

উত্তর: ০.৮%।

১৮. ক্যাসেটের ফিতায় কী ব্যবহার করা হয়?

উত্তর: CrO_2

১৯. কয়েকটি চৌম্বক ধাতুর উদাহরণ দিন।

উত্তর: লোহা, ইস্পাত, কোবাল্ট, নিকেল প্রভৃতি।

২০. কয়েকটি অচৌম্বক ধাতুর উদাহরণ দিন।

উত্তর: সোনা, রূপা, পিতল, অ্যালুমিনিয়াম, দস্তা, টিন, প্রভৃতি।



Teacher's Work



- নিচের কোন পদার্থটি চুম্বকের প্রভাবে সবচাইতে বেশি আকর্ষিত হয় [কর্ণফুলী গ্যাস-এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার'১৯]

ক) দস্তা	খ) কোবাল্ট	গ) সীসা	ঘ) প্লাটিনাম
----------	------------	---------	--------------
- কোনটিকে চুম্বকে পরিণত করা যায়? [৩৩তম বিসিএস]

ক) তামা	খ) ইস্পাত	গ) পিতল	ঘ) স্বর্ণ
---------	-----------	---------	-----------
- স্টেপ রেকর্ডার ও কম্পিউটারের স্মৃতির ফিতায় কী ধরনের চুম্বক ব্যবহৃত হয়- [২৮তম বিসিএস; মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর-২০১১]

ক) স্থায়ী চুম্বক	খ) অস্থায়ী চুম্বক	গ) সংকর চুম্বক	ঘ) এলনিকো চুম্বক
-------------------	--------------------	----------------	------------------
- নিচের কোনটি চৌম্বক পদার্থ নয়? [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড-এর অ্যাসিস্টেন্ট ম্যানেজার: ২০২০]

ক) কাঁচা লোহা	খ) ইস্পাত	গ) অ্যালুমিনিয়াম	ঘ) কোবাল্ট
---------------	-----------	-------------------	------------
- পৃথিবী একটি বিরাট চুম্বক। এ ডু-চুম্বকের উত্তর মেরু থাকে- [টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি ১২-১৩; পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন পরিবেশ অধিদপ্তরের সহ. পরিচালক: ০৭]

ক) উত্তর দিকে	খ) উত্তর-দক্ষিণ মেরু বরাবর	গ) কেন্দ্রস্থলে	ঘ) দক্ষিণ দিকে
---------------	----------------------------	-----------------	----------------



শক্তি ও শক্তির উৎসসমূহ

সংজ্ঞা: কোন বস্তু বা ব্যবস্থার কাজ করার সামর্থ্যকে শক্তি বলে। শক্তি একটি স্কেলার রাশি। M.K.S বা এস. আই পদ্ধতিতে শক্তির পরম একক জুল। C.G.S

পদ্ধতিতে শক্তির পরম একক-আর্গ (erg)। সুতরাং শক্তি = $\frac{\text{কৃতকাজ}}{\text{সময়}}$ ।



নবায়নযোগ্য শক্তির উৎস

সৌর শক্তি

সৌর শক্তি একটি নবায়নযোগ্য শক্তি। প্রতিদিন পৃথিবীতে এক ঘন্টায় যে পরিমাণ সৌরশক্তি পৌঁছায় তা দিয়ে পুরো পৃথিবীর দুই বছরের বিদ্যুৎ চাহিদা মেটানো সম্ভব।

- যে শক্তির উৎসকে বারবার ব্যবহার করা যায় তাই হলো-নবায়নযোগ্য শক্তি।
- নবায়নযোগ্য শক্তির অন্যতম উৎসগুলো হলো- সূর্যরশ্মি, পানি, পানির জোয়ার ভাটা, সমুদ্রশ্রোত, পারমাণবিক শক্তি, বায়ুশক্তি ও বায়োগ্যাস।
- সৌরকোষের বৈশিষ্ট্য হলো-এর উপর সূর্যের আলো পড়লে তা থেকে সরাসরি তড়িৎ পাওয়া যায়।
- নবায়নযোগ্য শক্তি-সাধারণত পরিবেশ বান্ধব, কারণ এরা বাতাসে কার্বন-ডাইঅক্সাইড ছড়ায় না।
- যেসব শক্তি মাত্র একবার ব্যবহারের পর তা থেকে পুনরায় আর কোনো শক্তি উৎপন্ন করা যায় না তাকে বলে-অনবায়নযোগ্য শক্তি।
- অনবায়নযোগ্য শক্তির অন্যতম উৎস হলো- কয়লা, তেল, প্রাকৃতিক গ্যাস।
- অনবায়নযোগ্য শক্তি-পরিবেশকে বেশ উচ্চমাত্রায় দূষিত করে।
- অনবায়নযোগ্য শক্তির দহনে-কার্বন-ডাইঅক্সাইড বাতাসে ছড়ায় ফলে বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে।
- সূর্য থেকে যে পরিমাণ শক্তি তার আশে পাশে ছড়িয়ে পড়ে তা পৃথিবীতে পৌঁছায় মাত্র-২০ কোটি ভাগের একভাগ।
- পৃথিবীর সবচেয়ে বেশি শক্তি ব্যবহারকারী দেশ হলো-মার্কিন যুক্তরাষ্ট্র।
- বায়োপ্লান্টের প্রধান অংশ-দুটি। যথা: ১. একটি কুয়া ও ২. অপরটি গ্যাস হোল্ডার।
- পানির শ্রোতে দুই ধরনের শক্তি আছে-গতিশক্তি এবং বিভবশক্তি/স্থিতিশক্তি।
- পানির শ্রোতের সাহায্যে-টারবাইন ঘোরানো হয়।



পারমাণবিক শক্তির উৎস

শক্তির এক রূপ থেকে অন্য রূপে পরিবর্তিত হওয়ার প্রক্রিয়াই হল শক্তি রূপান্তর।

যান্ত্রিক শক্তিতে রূপান্তর:

- পানির বিভব শক্তিকে গতি শক্তিতে রূপান্তর করে জলবিদ্যুৎ কেন্দ্রের টারবাইন ঘুরিয়ে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করা হয়। এই যান্ত্রিক শক্তিকে ডায়নামোর সাহায্যে বিদ্যুৎ শক্তিতে রূপান্তর করা হয়।
- ডায়নামো যান্ত্রিক শক্তিকে বিদ্যুৎশক্তিতে রূপান্তর করে।
- গাড়ির ইঞ্জিনের ঘূর্ণন শক্তি হল যান্ত্রিক শক্তি। এই শক্তির সাহায্যে গাড়ির চাকাকে ঘুরিয়ে যান্ত্রিক শক্তিকে গতিশক্তিতে রূপান্তর করা হয়।

তড়িৎ শক্তিকে রূপান্তর:

- তড়িৎ শক্তিকে বৈদ্যুতিক মোটরের সাহায্যে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করা হয়। যেমন: বৈদ্যুতিক পাখা, ইলেক্ট্রিক গাড়ির ইঞ্জিন, পানির পাম্প ইত্যাদি।
- বৈদ্যুতিক বাল্ব তড়িৎ শক্তিকে আলোক শক্তিকে রূপান্তর করে।
- বৈদ্যুতিক ইন্ড্রি, হিটার, চুলা, রাইসকুকার ইত্যাদি বৈদ্যুতিক শক্তিকে তাপ শক্তিতে রূপান্তর করে।
- টেলিফোন, টেলিগ্রাফ, স্পিকার, রেডিও ইত্যাদি বিদ্যুৎ শক্তিকে শব্দ শক্তিতে রূপান্তর করে।
- তড়িৎ শক্তিকে চৌম্বক শক্তিতে রূপান্তর করা হয় তড়িৎ চুম্বকে।
- তড়িৎ শক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয় সঞ্চালক কোষে।

তাপশক্তিকে রূপান্তর:

- স্টিম ইঞ্জিনের সাহায্যে তাপ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করা হয়।
- বৈদ্যুতিক বালে তাপ শক্তি আলোক শক্তিতে রূপান্তরিত হয়।

আলোক শক্তিকে রূপান্তর:

- ‘আলো’ ফটোগ্রাফিক কাগজের উপর ক্রিয়া করে রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়।
- ‘আলো’ ফটো ইলেকট্রিক কোষে ক্রিয়া করে রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়।

রাসায়নিক শক্তির রূপান্তর:

- তড়িৎ কোষে রাসায়নিক শক্তি তড়িৎ শক্তিতে রূপান্তরিত হয়।
- জ্বালানী অর্থাৎ কাঠ, কয়লা, গ্যাস, কেরোসিন, ডিজেল, পেট্রোল ইত্যাদিকে পুড়িয়ে তাপ ও আলোক শক্তি বা যান্ত্রিক শক্তিতে রূপান্তর করা হয়।
- গাড়ির ইঞ্জিনে রাসায়নিক শক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয়।

নিউক্লিয় শক্তির রূপান্তর:

নিউক্লিয় শক্তি রাসায়নিক প্রক্রিয়ায় উৎপন্ন হয় না। তাই এটি রাসায়নিক শক্তি নয়।

- পারমাণবিক চুল্লির সাহায্যে নিউক্লিয় শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তর করা হয়।

- পারমাণবিক সাবমেরিন বা যুদ্ধজাহাজে নিউক্লিয় শক্তিতে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করা হয়।

নিউক্লিয়াস হলো পরমাণুর কেন্দ্র। নিউক্লিয়ার ফিশন বা ফিউশন প্রক্রিয়ায় নিউক্লিয়াস থেকে নির্গত শক্তিই নিউক্লিয় শক্তি বা পারমাণবিক শক্তি।

১. আইনস্টাইনের পদার্থ ও শক্তির অভিন্নতা বিষয়ক সূত্র হলো- $E = mc^2$. [E = Energy, M = mass, C = speed of light]
২. পারমাণবিক শক্তি বা নিউক্লিয় শক্তি হলো-নবায়নযোগ্য শক্তি।
৩. যে প্রক্রিয়ায় ভারী পরমাণুর নিউক্লিয়াস বিশ্লিষ্ট হয়ে প্রায় সমান ভরের দুটি নিউক্লিয়াস তৈরি হয় এবং বিপুল পরিমাণ শক্তি নির্গত হয় তাকে বলে-নিউক্লিয়ার ফিশন বা নিউক্লিয় বিভাজন।
৪. ১৯৩৯ খ্রিস্টাব্দে ফিশন আবিষ্কার করেন-জার্মান বিজ্ঞানী অটো হ্যান।
৫. প্রতি ফিশনে নির্গত শক্তির পরিমাণ-200MeV।
৬. নিউক্লিয় ফিশন বিভাজন হলো-বয়োজন প্রক্রিয়া।
৭. নিউক্লিয় ফিশন প্রক্রিয়ায় উৎপাদন করা যায়-বিদ্যুৎ ও রেডিও আইসোটোপ।
৮. ফিশন পদ্ধতিকে ভিত্তি করে তৈরি করা হয়-পারমাণবিক বোমা (Atom bomb)
৯. যে প্রক্রিয়ায় দুই বা ততোধিক হালকা নিউক্লিয়াস একত্রিত হয়ে একটি ভারী নিউক্লিয়াস গঠন করে তাকে বলে- নিউক্লিয় সংযোজন বা ফিউশন।
১০. নিউক্লিয় ফিউশন হলো- সংযোজন বিক্রিয়া।
১১. ফিউশন পদ্ধতিকে ভিত্তি করে তৈরি করা হয়- হাইড্রোজেন বোমা
১২. সূর্যের মধ্যে শক্তি উৎপন্ন হয়- ফিউশন প্রক্রিয়ায়।
১৩. Hydrogen Bomb বা উদ্যান বোমা তৈরিতে ব্যবহৃত হয়- হাইড্রোজেনের আইসোটোপ ডিউটেরিয়াম এবং ট্রিটিয়াম।
১৪. মানুষ মরে কিন্তু স্থাপনার ক্ষতি হয় না- নাপাম বোমায়।
১৫. Nuclear Reactor-এ গতিমহুরক হিসেবে ব্যবহৃত হয়- ক্যাডমিয়াম বা বোরন দণ্ড বা গ্রাফাইট।
১৬. পারমাণবিক চুল্লী ব্যবহৃত হয়- বিদ্যুৎ উৎপাদন, রেডিও আইসোটোপ তৈরি, বৈজ্ঞানিক গবেষণায় ইত্যাদি ক্ষেত্রে।
১৭. বিদ্যুৎ উৎপাদনের পারমাণবিক চুল্লিতে নিউক্লিয়ার ফিশন প্রক্রিয়ায় পারমাণবিক শক্তি উৎপন্ন হয়।

পারমাণবিক বিদ্যুৎ-এ বাংলাদেশ

১. বাংলাদেশের যে জায়গায় পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হচ্ছে- রূপপুর, ঈশ্বরদী, পাবনা।
২. বাংলাদেশ পরমাণু বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য বাংলাদেশ-রাশিয়া চুক্তি স্বাক্ষরিত হয়-১৫ জানুয়ারি, ২০১৩।
৩. পারমাণবিক বোমা হিসেবে ব্যবহৃত হয়-ইউরেনিয়াম-২৩৫ (U-235) ও ইউরেনিয়াম-২৩৮ (U-238)।
৪. পারমাণবিক বোমার চেয়ে শক্তিশালী বোমা হলো-হাইড্রোজেন বোমা।



শক্তির রূপান্তর

শক্তির একরূপ থেকে অন্যরূপে পরিবর্তন হওয়াকে শক্তির রূপান্তর বলে।
যেমন:

- পানির গতিশক্তির সাহায্যে টারবাইন ঘুরিয়ে বিদ্যুৎ উৎপাদন:
যান্ত্রিক শক্তি → বিদ্যুৎ শক্তি।
জেনারেটরের সাহায্যে এরূপ শক্তির রূপান্তর করা হয়।
- বিদ্যুৎ যখন বৈদ্যুতিক বাতির মধ্য দিয়ে প্রবাহিত হয়;
বিদ্যুৎশক্তি → আলোক শক্তি।
- বৈদ্যুতিক পাখায় বিদ্যুৎ প্রবাহিত করে পাখা ঘুরানো;
বিদ্যুৎ শক্তি → যান্ত্রিক শক্তি। মোটর এর সাহায্যে এরূপ শক্তির রূপান্তর করা হয়।
- ফটো-ইলেকট্রিক কোষে আলো ফেলে বিদ্যুৎ প্রবাহ তৈরি;

১. শক্তির রূপান্তর কি?

উত্তর: শক্তির একরূপ থেকে অন্যরূপে পরিবর্তিত হওয়া।

২. টারবাইন ঘুরিয়ে বিদ্যুৎ উৎপাদনে যান্ত্রিক শক্তি কোন শক্তিতে রূপান্তরিত হয়?

উত্তর: বিদ্যুৎ শক্তিতে।

৩. বৈদ্যুতিক বাতির মধ্য দিয়ে প্রবাহিত বিদ্যুৎশক্তি কোন শক্তিতে রূপান্তরিত হয়?

উত্তর: আলোক শক্তিতে।

৪. কয়লা পোড়ালে রাসায়নিক শক্তি কোন শক্তিতে পরিণত হয়?

উত্তর: তাপ শক্তি।

৫. ফটোগ্রাফিক ফিল্মে আলোক শক্তি কোন শক্তিতে পরিণত হয়?

আলোক শক্তি → বিদ্যুৎ শক্তি।

- দুই হাতের তালু পরস্পরের সাথে ঘষলে তাপ উৎপন্ন হয়;

যান্ত্রিক শক্তি → তাপ শক্তি।

- ফটোগ্রাফিক ফিল্মের উপর আলোক সম্পাত করে রাসায়নিক ক্রিয়ার আলোকচিত্র তৈরি।

আলোক শক্তি → রাসায়নিক শক্তি।

- বৈদ্যুতিক ঘণ্টা ও টেলিফোন;

বৈদ্যুতিক শক্তি → শব্দ শক্তি। টেলিফোনের লাইনের মধ্যে দিয়ে প্রবাহিত হয় তড়িৎশক্তি।

- কয়লা পোড়ালে তাপ উৎপন্ন হয়;

রাসায়নিক শক্তি → তাপশক্তি।

উত্তর: রাসায়নিক শক্তি।

৬. জেনারেটরের সাহায্যে যান্ত্রিক শক্তিকে কোন শক্তিতে রূপান্তর করা যায়?

উত্তর: বিদ্যুৎশক্তি।

৭. বিদ্যুৎ শক্তিকে শব্দ শক্তিকে রূপান্তর করে?

উত্তর: লাউড স্পিকার।

৮. আধুনিক পদার্থ বিজ্ঞান মূলত কোন দুইটি তত্ত্বের ভিত্তিতে প্রতিষ্ঠিত?

উত্তর: আইনস্টাইনের আপেক্ষিক তত্ত্ব এবং ম্যাক্সপ্ল্যাঙ্কের কোয়ান্টাম তত্ত্ব।

৯. প্রকৃতিতে শক্তির কতটি রূপ পাওয়া যায়?

উত্তর: নয়টি।



Teacher's Work



১. কয়লা পোড়ালে রাসায়নিক শক্তি কোন শক্তিতে রূপান্তরিত হয়?

- ক) তাপশক্তি খ) বিদ্যুৎ শক্তি গ) রাসায়নিক শক্তি ঘ) আলোক শক্তি

২. পানির গতিশক্তির সাহায্যে টারবাইন ঘুরিয়ে বিদ্যুৎ উৎপাদনে যান্ত্রিক শক্তি কোন শক্তিতে রূপান্তর হয়?

- ক) আলোক শক্তি খ) রাসায়নিক শক্তি গ) বিভব শক্তি ঘ) বিদ্যুৎ শক্তি



আলোর প্রকৃতি

আলো এক প্রকার শক্তি বা বাহ্যিক কারণ যা চোখে প্রবেশ করে দর্শনের অনুভূতি জাগায়।

সূর্য হতে পৃথিবীতে আলো আসতে সময় লাগে 500 সেকেন্ড বা ৮ মিনিট 19 সেকেন্ড (প্রায়) বা ৮ মিনিট ৩২ সেকেন্ড।

আলোক সম্পর্কিত যন্ত্রের আবিষ্কার ও আবিষ্কারক

আবিষ্কার	আবিষ্কারক	সাল
যোগিক অণুবীক্ষণ যন্ত্র	জাকরিয়াস ও হ্যাম জানসেন (নেদারল্যান্ডস)	১৫৯০
গ্যালিলীয় দূরবীক্ষণ যন্ত্র	গ্যালিলিও (ইতালি)	১৬১০
নভো দূরবীক্ষণ যন্ত্র	কেপলার (ডেনমার্ক)	১৬১১
বৃহদাকার প্রতিফলক দূরবীক্ষণ যন্ত্র	হারসেল (ব্রিটেন)	১৭৮৯

প্রতিফলক দূরবীক্ষণ যন্ত্র	হ্রেগরী (ব্রিটেন)	১৬৬৩
আধুনিক প্রতিফলক দূরবীক্ষণ যন্ত্র	স্যার আইজ্যাক নিউটন (ব্রিটেন)	১৬৬৮

■ **আলোক বর্ষ:** আলোক বর্ষ জ্যোতির্বিদ্যায় ব্যবহৃত দূরত্বের একক। আলো শূন্যস্থানে এক বছর সময়ে যে দূরত্ব অতিক্রম করে তাকে এক আলোক বর্ষ বলে। ৯.৪৬×১০^{১৬} কি.মি.।

আলোর প্রতিফলন ও প্রতিসরণ

■ **আলোর প্রতিফলন:** আলোর নিয়মিত প্রতিফলন ২টি সূত্র মেনে চলে।
প্রথম সূত্র: আপতিত রশ্মি, প্রতিফলিত রশ্মি ও আপাতন বিন্দুতে অঙ্কিত অভিলম্ব একই সমতলে অবস্থান করে।



দ্বিতীয় সূত্র: আপতন কোণ ও প্রতিফলন কোণ সমান।

■ **সংকট কোণ:** আপতন কোণের যে মানের জন্য প্রতিসরণ কোণের মান 90° হয়। আপতন কোণের সেই মানকে সংকট কোণ বা ক্রান্তিকোণ বলে। একে θ_c দ্বারা প্রকাশ করা হয়। যেমন: হীরকের সংকট কোণ 24° ।

■ আলোর প্রতিসরণ:

আলোক রশ্মি কোনো স্বচ্ছ ও সমসত্ত্ব মাধ্যমে সবসময় সরলরেখায় চলে। আলো যখন একটি স্বচ্ছ মাধ্যম থেকে অন্য স্বচ্ছ মাধ্যমে লম্বভাবে আপতিত না হয়ে বাঁকাভাবে আপতিত হয়, তখন মাধ্যম দুটির বিভেদতলে এর গতিপথের দিক পাল্টে যায়। আলোক রশ্মির দিক পরিবর্তন করার এই ঘটনাই হলো আলোর প্রতিসরণ।

■ আলোর প্রতিসরণের উদাহরণ:

- গোখূলের উদ্ভব হয়।
- পানিতে নৌকার বৈঠা বাঁকা দেখায়।
- দিগন্তের কাছে চাঁদ অনেক বড় দেখায়।

আলোক যন্ত্রসমূহ

■ অণুবীক্ষণ যন্ত্র:

যে যন্ত্রের সাহায্যে চোখের নিকটবর্তী ক্ষুদ্র বস্তুকে বড় করে দেখা যায় তাকে অণুবীক্ষণ যন্ত্র বলে। জটিল অণুবীক্ষণ যন্ত্রে চূড়ান্ত বিম্ব গঠিত হয় উল্টো ও বিবর্ধিত। ১৬১০ খ্রিস্টাব্দে বিজ্ঞানী গ্যালিলিও যৌগিক বা জটিল অণুবীক্ষণ যন্ত্র আবিষ্কার করেন।

■ দূরবীক্ষণ যন্ত্র:

যে যন্ত্রের সাহায্যে দূরের বস্তু পরিষ্কারভাবে দেখা যায় তাকে দূরবীক্ষণ যন্ত্র বলে।

■ নভোবীক্ষণ যন্ত্র:

আকাশ পর্যবেক্ষণের জন্য যে দূরবীক্ষণ যন্ত্র ব্যবহার করা হয় তাকে নভোবীক্ষণ যন্ত্র বলে। ডেনমার্কের বিখ্যাত জ্যোতির্বিদ কেপলার ১৬১১ সালে সর্বপ্রথম এ যন্ত্র আবিষ্কার করেন।

বর্ণালি ও প্রিজম

প্রিজম: দুটি হেলানো সমতল পৃষ্ঠ দ্বারা সীমাবদ্ধ প্রতিসারক মাধ্যমকে প্রিজম বলে।

বর্ণালি: সাদা আলো প্রিজমের মধ্য দিয়ে প্রতিসরণের ফলে বিশ্লিষ্ট হয়ে সাতটি বিভিন্ন বর্ণের আলোকগুচ্ছে পরিণত হয়।

সাদা আলোর বিচ্ছুরণে প্রাপ্ত বর্ণালির মধ্যে যে সাতটি বর্ণ থাকে (Violet, Indigo, Blue, Green, Yellow, Orange, Red) সেই বর্ণগুলোর ইংরেজি নামের প্রথম অক্ষরগুলোকে, বর্ণালিতে পাওয়া সাতটি বর্ণের ক্রম অনুযায়ী সাজালে 'VIBGYOR' শব্দটি পাওয়া যায়। অনুরূপভাবে বাংলা নামের প্রথম অক্ষর দিয়ে সাজালে (বেগুনি, নীল, আকাশী, সবুজ, হলুদ, কমলা এবং লাল) 'বেনীআসহকলা' শব্দটি পাওয়া যায়।

বস্তুর বর্ণ

■ **বস্তুর বর্ণ:** বস্তুর বর্ণ পদার্থের কোন ধর্ম নয়, এটি আলোকের একটি ধর্ম। কোন একটি বস্তু হতে আলোর প্রতিফলন, প্রতিসরণ বা শোষণের পরে যে বর্ণের আলো চোখে পড়ে, সেটিই বস্তুর বর্ণ।

■ **মৌলিক বর্ণ:** যে সকল বর্ণ অন্য বর্ণের সমন্বয়ে তৈরি করা যায় না তাদের মৌলিক বর্ণ বলে। তিনটি মৌলিক বর্ণ হল লাল, সবুজ এবং নীল।

■ মৌলিক বর্ণগুলোর সমন্বয়ে সব রং তৈরি করা যায়।

সবুজ + লাল = হলুদ	লাল + নীল = ম্যাগেন্টা
নীল + হলুদ = সবুজ	সবুজ + নীল = ম্যাগেন্টা (ময়ূরকণ্ঠী)
লাল + আকাশী = বেগুনি	লাল + নীল + সবুজ = সাদা

দর্পণ

যে মসৃণ তলে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে তাকে দর্পণ বলে।

■ সমতল দর্পণের ব্যবহার:

- ক. আমাদের চেহারা দেখার আয়না।
- খ. চোখের ডাক্তারগণ রোগীর দৃষ্টিশক্তি পরীক্ষার জন্য বর্ণমালা পাঠে।
- গ. পেরিস্কোপ তৈরিতে।
- ঘ. পাহাড়ি রাস্তার বাঁকে দূর্ঘটনা এড়াতে।
- ঙ. বিভিন্ন আলোকীয় যন্ত্রপাতিতে যেমন- টেলিস্কোপ, ওভারহেড প্রজেক্টর, লেজার।
- চ. নাটক, চলচ্চিত্র ইত্যাদিতে সুটিং এ কোন স্থানের উজ্জ্বল্য বৃদ্ধিতে।

■ অবতল দর্পণের ব্যবহার:

- ক. মুখ মন্ডলের বিবর্ধিত ও সোজা প্রতিবিম্ব তৈরি যাতে রূপচর্চা ও দাড়ি কাটার সুবিধা হয়।
- খ. দন্ত চিকিৎসায়।
- গ. প্রতিফলক হিসেবে- টর্চলাইট, সিঁটার বা লম্বের সার্চ লাইটে।
- ঘ. রাডার ও টিভি সংকেত সংগ্রহে।
- ঙ. চোখ, কান, নাক ও গলা পরীক্ষায়।

■ উত্তল দর্পণের ব্যবহার:

- ক. যানবাহন ও পথচারী দেখার জন্য গাড়িতে ও ভিউ মিররে।
- খ. দোকান বা শপিংমলে নিরাপত্তার কাজে।
- গ. প্রতিফলক টেলিস্কোপে।
- ঘ. রাস্তার বাতিতে প্রতিফলক রূপে।

চোখের ত্রুটি এবং নিরাময়

■ **স্পষ্ট দর্শনের নিকটতম দূরত্ব ও দর্শনানুভূতির স্থায়িত্বকাল:** মানুষের দর্শনানুভূতির স্থায়িত্বকাল ০.১ সেকেন্ড। সাধারণত লাল আলোতে আমাদের দর্শনক্ষমতা শূন্য এবং হলুদ-সবুজ আলোতে দর্শনক্ষমতা সর্বাধিক।

০১. **হ্রস্বদৃষ্টি (মায়োপিয়া):** এ ধরনের চোখের ত্রুটি দূর করার জন্য চশমায়ে লেন্স হিসেবে অবতল লেন্স ব্যবহার করা হয়।
০২. **দীর্ঘদৃষ্টি (হাইপারমেট্রোপিয়া):** এ ধরনের চোখের ত্রুটি দূর করার জন্য উত্তল লেন্সের চশমা ব্যবহার করা হয়। এতে কাছের জিনিস স্পষ্ট দেখা যায়।

এক্স রশ্মি ও গামা রশ্মির ব্যবহার

বিজ্ঞানী রন্টজেন ১৮৯৫ সালে এটি আবিষ্কার করেন। এজন্য তিনি ১৯০১ সালে নোবেল পুরস্কার পান। এটি **বিজ্ঞান বিষয়ে প্রথম নোবেল পুরস্কার**।

গামা রশ্মি

১. এই রশ্মির দ্রুতি আলোর দ্রুতির সমান অর্থাৎ $3 \times 10^8 \text{ ms}^{-1}$
২. ভেদন ক্ষমতা আলফা ও বিটা রশ্মির চেয়ে বেশি।
৩. প্রাণিদেহের জন্য সবচেয়ে ক্ষতিকর রশ্মি গামা রশ্মি।
৫. এটি আধান নিরপেক্ষ, স্বল্প তরঙ্গদৈর্ঘ্য বিশিষ্ট তাড়িতচৌম্বক তরঙ্গ।

■ গামা রশ্মির ব্যবহার:

- (i) ক্যান্সার আক্রান্ত কোষকে ধ্বংস করার জন্য।
- (ii) ধাতব পদার্থের ভেজাল নির্ণয়ে ব্যবহৃত হয়।

এক কথায় প্রশ্নোত্তর

১. আলোর গতি প্রতি সেকেন্ডে কত?
উত্তর: প্রায় ৩ লক্ষ কি.মি.।
২. আলোর গতি কোথায় সর্বোচ্চ?
উত্তর: শূন্য স্থানে।
৩. আলোর কণা তড়ের প্রবর্তক কে?
উত্তর: নিউটন।
৪. আলোর কোয়ান্টাম তড়ের প্রবক্তা কে?
উত্তর: ম্যাক্স প্লাঙ্ক।
৫. অপটিক্যাল ফাইবারে আলোর কোন ঘটনা ঘটে?
উত্তর: আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন।
৬. প্রখর সূর্যালোকে পিচঢালা মসৃণ পথ ভেজা মনে হয় কেন?
উত্তর: আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের জন্য।
৭. দীপ্তিমান বস্তু থেকে আলো কীভাবে আমাদের চোখে আসে তা ব্যাখ্যার জন্য কয়টি তত্ত্ব আছে?
উত্তর: ৪টি।
৮. কোন তত্ত্ব অনুসারে কোনো উজ্জ্বল বস্তু থেকে অনবরত ঝাঁক ঝাঁক অতিক্ষুদ্র কণা নির্গত হয়?
উত্তর: আলোর কণা তত্ত্ব।
৯. আলোর তরঙ্গ তত্ত্ব প্রদান করেন কে?
উত্তর: হাইগেন।
১০. আলোর তড়িৎ চৌম্বক তত্ত্ব প্রদান করেন কে?
উত্তর: ম্যাক্সওয়েল।
১১. তড়িৎ চৌম্বক তত্ত্ব ম্যাক্সওয়েল কত সালে দেন?
উত্তর: ১৮৬৪ সালে।
১২. এক্স-রে আবিষ্কার করেছেন কে?
উত্তর: রন্টজেন।
১৩. দ্রুত গতিসম্পন্ন ইলেকট্রনকে কোন ধাতব পাত দ্বারা থামিয়ে দিলে কোন রশ্মি উৎপন্ন হয়?
উত্তর: এক্স-রে।
১৪. হেনরী বেকেরেল কোন ধাতুতে তেজস্ক্রিয়তা প্রত্যক্ষ করেন?
উত্তর: ইউরেনিয়াম।
১৫. দুটি স্বচ্ছ মাধ্যমের বিভেদ তলে আলোক রশ্মির দিক পরিবর্তন করার ঘটনাকে কী বলে?
উত্তর: আলোর প্রতিসরণ।
১৬. একটি লাঠির দু-তৃতীয়াংশ পানির মধ্যে কাত করে ডোবালে বাঁকা দেখায় কেন?
উত্তর: আলোর প্রতিসরণের জন্য।
১৭. সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে কত সময় লাগে?
উত্তর: ৮ মিনিট ১৯ সেকেন্ড বা ৮ মিনিট ৩২ সেকেন্ড।
১৮. প্রতিসরণের জন্য প্রতিসরিত রশ্মি বেঁকে যাওয়া নির্ভর করে কিসের ওপর?
উত্তর: দুটি মাধ্যমের ঘনত্ব।
১৯. ক্যামেরা, দূরবীক্ষণ ইত্যাদি আলোক যন্ত্রের ভেতরের অংশ কালো করা হয়। কারণ, কালো বস্তুর ওপর আলো পড়লে-
উত্তর: আলো প্রতিফলিত হতে পারে না ফলে আলো শোষিত হয়।
২০. মানবদেহের ভেতরের কোনো অংশ দেখার জন্য কী ব্যবহৃত হয়?
উত্তর: অপটিক্যাল ফাইবার।
২১. আলোর প্রতিসরণের সঠিক কারণ কোনটি?
উত্তর: মাধ্যম ভেদে আলোর বেগের বিভিন্নতা।
২২. হীরকের ক্রান্তি কোণ কত?
উত্তর: 28° ।
২৩. আলোর প্রতিফলন কোন দুটি বিষয়ের উপর নির্ভর করে?
উত্তর: (১) আলোর আপতন কোণ। (২) মাধ্যমগুলোর প্রকৃতি।
২৪. সংকট কোণ কাকে বলে?
উত্তর: আপতন কোণের যে মানের জন্য প্রতিসরণ কোণের মান 90° হয়, তাকে সংকট কোণ বলে।
২৫. আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ঘটে-
উত্তর: যখন আপতন কোণ ক্রান্তি কোণের চেয়ে বড় হয়।
২৬. আলো হলো-
উত্তর: শক্তি।
২৭. কাঠের আগুন থেকে যে তাপ বিকীর্ণ হয় তা হলো-
উত্তর: অবলোহিত রশ্মি।
২৮. পরিষ্কার পানিতে মাছ প্রকৃত স্থান থেকে একটু উঁচুতে দেখা যায় আলোকের-
উত্তর: প্রতিসরণের জন্য।
২৯. পানিপূর্ণ পাত্রে লাঠি প্রবেশ করানো হলে লাঠি কিছুটা বাঁকা দেখা যায়। কারণ-
উত্তর: আলোর প্রতিসরণ।
৩০. কোন বর্ণের আলোর প্রতিসরণ সবচেয়ে বেশি-
উত্তর: বেগুনী।
৩১. সূর্যাস্তের পর বা সূর্যোদয়ের পূর্বে সূর্যকে দিক চক্রাকার রেখার ওপর দেখা যায়-
উত্তর: আলোর প্রতিসরণের জন্য।
৩২. কোন বর্ণের আলোর প্রতিসরণ সবচেয়ে কম-
উত্তর: লাল।
৩৩. একটি সাদা ফুল সূর্যের সাতটি আলোই-
উত্তর: প্রতিফলিত করে।
৩৪. আলোর বিচ্ছরণ কী?
উত্তর: সাদা বা কোনো বহুবর্ণী রশ্মিগুচ্ছের বিভিন্ন বর্ণে বিভাজিত হওয়ার ঘটনা।
৩৫. আলোর বিচ্ছরণ কে আবিষ্কার করেন?
উত্তর: স্যার আইজ্যাক নিউটন।
৩৬. কোন আলোর তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বেশি?
উত্তর: লাল আলোর।
৩৭. দর্পণ কী?
উত্তর: যে মসৃণ তলে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে।
৩৮. মোটরগাড়ির হেডলাইটে কিরূপ দর্পণ ব্যবহার করা হয়?
উত্তর: অবতল।
৩৯. এক্স-রে কে আবিষ্কার করেন?
উত্তর: বিজ্ঞানী রন্টজেন।
৪০. মানুষের দর্শনভূতির স্থায়ীত্বকাল কত?
উত্তর: ০.১ সেকেন্ড।



বায়ুমণ্ডল

■ বায়ুমণ্ডল (Atmosphere)

ভূ-পৃষ্ঠের চারপাশে বেষ্টিত করে যে বায়ুর আবরণ আছে, তাকে বায়ুমণ্ডল বলে। বায়ুমণ্ডলের প্রায় ৯৭% ভূ-পৃষ্ঠ থেকে ৩০ কিলোমিটার এর মধ্যে সীমাবদ্ধ। বায়ুর চাপের কারণে সমুদ্রপৃষ্ঠে বায়ুর ঘনত্ব সবচেয়ে বেশি এবং ওপরের দিকে ঘনত্ব খুবই কম। বায়ুমণ্ডল ভূ-পৃষ্ঠের সঙ্গে লেপ্টে থাকে পৃথিবীর মাধ্যাকর্ষণ শক্তির জন্য। বায়ু একটি মিশ্র পদার্থ।

■ বায়ুমণ্ডলীয় স্তর (Atmospheric Layer)

বায়ুমণ্ডল যে সমস্ত উপাদানে গঠিত তাদের প্রকৃতি, বৈশিষ্ট্য ও উষ্ণতার পার্থক্য অনুসারে ভূ-পৃষ্ঠ থেকে উপরের দিকে পর্যায়ক্রমে পাঁচটি স্তরে ভাগ করা হয়। নিম্নে তার বিবরণ দেওয়া হলো:

■ ট্রপোমণ্ডল (Troposphere)

ভূ-পৃষ্ঠের নিকটতম বায়ু স্তরকে বলে ট্রপোমণ্ডল। এই স্তরের গড় গভীরতা ১৬-১৯ কিলোমিটার। আবহাওয়া ও জলবায়ুজনিত যাবতীয় প্রক্রিয়ার বেশির ভাগ বায়ুমণ্ডলের এই স্তরে ঘটে। মেঘ, বৃষ্টিপাত, বজ্রপাত, বায়ুপ্রবাহ, ঝড়, তুষারপাত, শিশির, কুয়াশা সবকিছুই এই স্তরে সৃষ্টি হয়।

■ স্ট্রাটোমণ্ডল (Stratosphere)


বায়ুমণ্ডলের দ্বিতীয় স্তরটির নাম স্ট্রাটোমণ্ডল যা ওপরের দিকে প্রায় ৫০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত। ওজন (O_3) স্তর বায়ুমণ্ডলের এ স্তরে অবস্থিত।

■ মেসোমণ্ডল (Mesosphere)

স্ট্রাটোবিরতির উপরে প্রায় ৮০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত বায়ুস্তরকে মেসোমণ্ডল বলে। এই স্তরের উপরে তাপমাত্রা হ্রাস পাওয়া থেমে যায়। এই স্তরকে মেসোবিরতি (Mesopause) বলে। মেসোমণ্ডলের একটি স্তরের নাম আয়নমণ্ডল। আয়নমণ্ডলে বেতার তরঙ্গ প্রতিফলিত হয়ে ফিরে আসে। বায়ুমণ্ডলের আয়নমণ্ডলের উর্ধ্বস্তরে উল্কা ও কসমিক কণার সন্ধান পাওয়া গেছে।

■ তাপমণ্ডল (Thermosphere)

মেসোবিরতির ওপরের অংশ থেকে তাপমণ্ডল শুরু হয়। মেসোবিরতির উপরে প্রায় ৫০০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত বায়ুস্তরকে তাপমণ্ডল বলে। এই মণ্ডলে বায়ুস্তর অত্যন্ত হালকা ও চাপ ক্ষীণ।



■ এক্সোস্ফিয়ার (Exosphere)

তাপমণ্ডলের উপরে প্রায় ৯৬০ কিলোমিটার পর্যন্ত যে বায়ুস্তর আছে তাকে এক্সোস্ফিয়ার বলে। এই স্তরে হিলিয়াম ও হাইড্রোজেন গ্যাসের প্রাধান্য দেখা যায়, এ স্তরের তাপমাত্রা প্রায় ৩০০° সেলসিয়াস থেকে ১৬৫০° সেলসিয়াস পর্যন্ত হয়।



Technique

✓ বায়ুমণ্ডলীয় স্তর সমূহ মনে রাখার টেকনিক:

টোটো স্টার্ট দিয়ে মেডিসিন শপে গেল। থার্মোমিটার ও এক্সরে আনতে।
টোটো = ট্রপোমণ্ডল।
স্টার্ট = স্ট্রাটোমণ্ডল।
মেডিসিন = মেসোমণ্ডল বা আয়নমণ্ডল।
থার্মোমিটার = থার্মোস্ফিয়ার বা তাপমণ্ডল।
এক্সরে = এক্সোস্ফিয়ার।

ওজোনস্তর

১. ওজোনস্তর অবস্থিত → বায়ুমণ্ডলের স্ট্রাটোমণ্ডলে।
২. সূর্যের আলোর ক্ষতিকর অতিবেগুনী রশ্মি শুষে নেয় → ওজোনস্তর।
৩. ওজোনস্তর অবক্ষয় প্রথম পরিলক্ষিত হয় → ১৯৭০ সালে।
৪. ওজোনস্তর অবক্ষয়ের জন্য দায়ী → ফ্রেয়ন (অপর নাম- CFC বা হ্যালোজেন বা ক্লোরোফ্লোরো কার্বন)
৫. ওজোনস্তরে সবচেয়ে বেশি ক্ষতি করে → CFC।
৬. পৃথিবীর ফুসফুস বলা হয় → আমাজন বনকে।
৭. রেফ্রিজারেটর, এয়ারকন্ডিশনার, প্লাস্টিক, ফোম, এরোসল উৎপন্ন করে → সিএফসি ত্রিনহাইড্রাস গ্যাস।

বায়ু ও বায়ুপ্রবাহ

১. সমুদ্রবায়ু সাধারণত প্রবাহিত হয়- দিনের বেলায়।
২. সমুদ্রবায়ু সবচেয়ে বেশি প্রবাহিত হয়- সন্ধ্যা বেলায়।
৩. শীতকালীন মৌসুমিবায়ুকে বলে- উত্তর-পূর্ব মৌসুমি বায়ু।
৪. সমুদ্রস্রোত উৎপত্তি হয়- বায়ুপ্রবাহের কারণে।
৫. বায়ু প্রবাহের দৈনন্দিন অবস্থাকে বলে- আবহাওয়া।
৬. পশ্চিমা বায়ুর অপর নাম- প্রত্যয়ন বায়ু।
৭. গ্রীষ্মের মৌসুমি বায়ুকে বলা হয়- দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু।

৮. উত্তর গোলার্ধে মৌসুমিবায়ুকে বলা হয়- গ্রীষ্মের মৌসুমি বায়ু।
৯. উত্তর গোলার্ধে অয়নবায়ুকে বলা হয়- উত্তর-পূর্ব অয়ন বায়ু।
১০. বায়ু প্রবাহিত হয়- উচ্চ চাপের স্থান থেকে নিম্নচাপের দিকে।
১১. উত্তর গোলার্ধে পশ্চিমা বায়ু প্রবাহিত হয়- দক্ষিণ-পশ্চিম দিক থেকে।
১২. দক্ষিণ গোলার্ধে পশ্চিমা বায়ু প্রবাহিত হয়- উত্তর-পশ্চিম দিক থেকে।
১৩. দক্ষিণ গোলার্ধে অয়ন বায়ু যে নামে পরিচিত- দক্ষিণ-পূর্ব অয়ন বায়ু।
১৪. ফেরেলের সূত্র অনুসারে অয়ন বায়ু উত্তর গোলার্ধে প্রবাহিত হয়- উত্তর-পূর্ব দিক থেকে।



১৫. ফেরেলের সূত্র অনুসারে অয়ন বায়ু দক্ষিণ গোলার্ধে প্রবাহিত হয়- দক্ষিণ-পূর্ব দিক থেকে।
১৬. স্থলভাগ দ্রুত শীতল হয়- সমুদ্র বায়ুর কারণে।
১৭. উচ্চচাপ বলয় থেকে নিম্নচাপ বলয়ে প্রবাহিত হয়- শীতল ও ভারী বায়ু।
১৮. ফেরেলের সূত্র অনুসারে বায়ুপ্রবাহ ডান দিকে বেঁকে যায়-উত্তর গোলার্ধে।
১৯. ফেরেলের সূত্র অনুসারে বায়ুপ্রবাহ বাম দিকে বেঁকে যায়- দক্ষিণ গোলার্ধে।
২০. বায়ুর মধ্যে যে দুটি উপাদান সর্বাধিক- নাইট্রোজেন (৭৮.০২%), অক্সিজেন (২০.৭১%)।
২১. বায়ুর পরিবর্তনশীল দুটি উপাদান হলো- জলীয়বাষ্প ও কার্বন-ডাই-অক্সাইড।
২২. স্থলভাগ জলভাগের তুলনায় বেশি উত্তপ্ত হয়ে পড়ে- দিনের বেলায়।
২৩. মৌসুমি বায়ু প্রকৃতপক্ষে যে দুটি বায়ুর বৃহত্তর সংকরণ- সমুদ্রবায়ু ও স্থলবায়ু।
২৪. জলভাগ ধীরে ধীরে উত্তপ্ত হয় ও ধীরে ধীরে শীতল হয়- সমুদ্র বায়ুর কারণে।
২৫. শীতকালীন মৌসুমি বায়ুপ্রবাহের প্রভাবে যেসব অঞ্চলে বৃষ্টিপাত হয় না- তামিলনাড়ু, শ্রীলঙ্কা।
২৬. অস্ট্রেলিয়ার উত্তর-পশ্চিমাংশে বৃষ্টিপাত ঘটে যে বায়ুর প্রভাবে- শীতকালীন মৌসুমি বায়ু।
২৭. মৌসুমি বায়ু নিরক্ষরেখা অতিক্রম করলে ফেরেলের সূত্র অনুসারে যে দিকে বেঁকে যায়- বাম দিকে।
২৮. গ্রীষ্মের মৌসুমি বায়ু সমুদ্রের ওপর দিয়ে আসে বলে এতে প্রচুর পরিমাণে থাকে- জলীয় বাষ্প।
২৯. শীতকালে স্থলভাগ সমুদ্রের মধ্যে উষ্ণতার পার্থক্যজনিত বায়ুচাপের পার্থক্যে যে বায়ুর সৃষ্টি হয়- শীতকালীন মৌসুমি বায়ু।
৩০. স্থলভাগের ওপর দিয়ে শীতকালীন মৌসুমি বায়ু প্রবাহিত হয়েও যে কারণে বৃষ্টিপাত হয় না- জলীয় বাষ্পের পরিমাণ কম থাকায়।
৩১. সমুদ্রবায়ুর প্রভাবে সমুদ্র উপকূল বা বিস্তৃত জলভাগের তীরবর্তী অঞ্চলে যে জলবায়ু দেখা যায়- সমভাবাপন্ন বা নাতিশীতোষ্ণ।
৩২. পৃথিবীর বায়ুপ্রবাহকে চারটি ভাগে ভাগ করা যায়। যথা-
- (i) নিয়ত বায়ু (ii) সাময়িক বায়ু
- (iii) স্থানীয় বায়ু (iv) অনিয়মিত বায়ু

এক কথায়



প্রশ্নোত্তর

১. ভূ-ত্বকের প্রধান উপাদান কোনটি?
উত্তর: অক্সিজেন।
২. পৃথিবী সৃষ্টির শুরুতে কেমন ছিল?
উত্তর: উত্তপ্ত গ্যাসপিণ্ড।
৩. পৃথিবীর অভ্যন্তরীণ গঠনকে কতভাগে ভাগ করা যায়?
উত্তর: তিনভাগে।
